উঃ গোলকিপারের পায়ে বা গায়ে লেগে ফিরে আসলে।

প্রঃ পেনাল্টি কিক্ করা বল আড়খুঁটিতে লেগে মাঠের ভিতরে ফিরে এলে আগেই নিষিদ্ধ এলাকায় দাঁড়িয়ে থাকা নিজস্ব খেলোয়াড়ের দখলে গেলে আইনবিরুদ্ধ অপরাধে কি হবে?

উঃ ফ্রি-কিক্ হবে।

প্রঃ প্রতিযোগিতায় আইন অনুসারে অমীমাংসিত খেলায় বাড়তি সময় না দিয়ে জয়-পরাজয় নির্ধারণ করার জন্য কোন্ সুযোগ গ্রহণ করা যেতে পারে?

উঃ সরাসরি পেনাল্টি কিক্ অর্থাৎ ট্রাইব্রেকার মারার মাধ্যমে।

প্রঃ রেফারি টস্ করে কি করবেন?

উঃ বিজয়ী দলের অধিনায়ককে প্রথম কিক্ নিতে বলবেন।

প্রঃ প্রতিটি বল ক'টি করে পর্যায়ক্রমে কিক্ পাবে?

উঃ ৫টি করে।

প্রঃ গোলসংখ্যাসমান হলে পরবর্তী পর্যায়ে প্রতি দল কটি কলে কিক্ মারবে?

উঃ ১টি করে।

প্রঃ একটি করে কিক্কে কি বলে?

উঃ সাডেন ডেথ বলে।

প্রঃ কারা ট্রাইব্রেকারে অংশগ্রহণ করতে পারবে?

উঃ খেলার শেষে যে সমস্ত খেলোয়াড় মাঠে উপস্থিত থাকবে।

প্রঃ বিপক্ষ গোলকিপার মাঠের মধ্যে কোথায় বসবে?
উঃ পেনাল্টি এরিয়ার বাইরে যে কোন্ একদিকে বসবে।
প্রঃ কিক্ করা খেলোয়াড় দু'দল কোথায় বসবে?
উঃ দু'দিকে সেন্টার লাইন ও টাচ্ লাইনের কাছাকাছি বসে থাকবে।
প্রঃ খেলার ফলাফল কিভাবে নির্ধারণ করতে হবে যদি পেনাল্টি কিকে মারা গোলের সংখ্যা সমান হয়?
উঃ কিক্ শেষ করার আগে যদি পর্যাপ্ত আলো না থাকে তবে টসের বা লটারির মাধ্যমে।
প্রঃ আলোর অভাবে কখন লটারি বা টসের মাধ্যমে খেলার ফলাফল নির্ধারণ করা যাবে না?
উঃ ট্রাইব্রেকার আরম্ভ না করে।
প্রঃ ভারতীয় ফুটবলে পঞ্চদশ আইন ধারায় কি সম্পর্কে বলা হয়েছে?
উঃ থ্রো-ইন সম্পর্কে।
প্রঃ কখন বলের থ্রো-ইন হয়?
উঃ বলের সম্পূর্ণ অংশ যখন শূন্য অথবা গড়ানো অবস্থায় টাচ্ লাইন অতিক্রম করে।
প্রঃ বিপক্ষ দল কোন্ স্থান থেকে থ্রো-ইন করবে?
উঃ বলটি সর্বশেষ যে দলের খেলোয়াড়ের স্পর্শে টাচ্ লাইনের স্থান অতিক্রম করেছে।
প্রঃ বল যেদিকে থ্রো-ইন করবে বুক সেদিকে কিভাবে রাখতে হবে?
উঃ সোজা করে।
প্রঃ টাচ লাইনের উপর দাঁড়িয়ে থ্রো-ইনের সময় খেলোয়াড়ের দু'পা কিভাবে থাকবে?
উঃ দু'পায়ের অংশ মাঠের টাচ্ লাইন ছুয়ে যাবে।
প্রঃ থ্রো-ইনের বল কিভাবে বিপক্ষীয় গোলে প্রবেশ করলে গোল হবে না?
উঃ সরাসরি প্রবেশ করলে।
প্রঃ থ্রো করা খেলোয়াড় কখন মাঠে প্রবেশ করতে পারবে না?
উঃ থ্রো ইনের বল হাত থেকে ছুঁড়ে না দেওয়া পর্যন্ত।
প্রঃ নিয়মভঙ্গ করে থ্রো-ইন করলে অপর পক্ষ কি করবে?
উঃ পাল্টা থ্রো-ইন করবে।
প্রঃ টাচ্ লাইন থেকে কত মিটারের বাইরে থেকে থ্রো করা যাবে না?
উঃ ১ মিটারের বাইরে থেকে।
প্রঃ থ্রো-ইনের বল হাত ফসকে মাঠের বাইরে পড়লে কি হবে?
উঃ পুনরায় থ্রো-ইন হবে।
প্রঃ থ্রো-ইন করা বল কিভাবে নিজ গোলে প্রবেশ করলে অপর পক্ষ কর্ণার কিক পাবে?
উঃ সরাসরি নিজ গোলে প্রবেশ করলে।

প্রঃ ভারতীয় ফুটবল খেলার ষষ্ঠদশ আইন ধারায় কি বিষয় সম্পর্কে বলা হয়েছে?

উঃ গোল-কিক্ সম্পর্কে।

প্রঃ গোল কিক্ মারা বল পেনাল্টি এরিয়ার ভিতরে নিজেদের বা অপরপক্ষের খেলোয়াড় খেললে কি হবে?

উঃ পুনরায় কিক্ হবে।

প্রঃ গোলকিকের বল বিপক্ষীয় গোলে কিভাবে প্রবেশ করলে গোল হয় না?

উঃ সরাসরি প্রবেশ করলে।

প্রঃ কিরকম গোলে অফসাইড হয় না?

উঃ সরাসরি গোলে।

প্রঃ গোলকিক্ কে মারতে পারে?

উঃ নিজ দলের যে কোন্ খেলোয়াড়।

প্রঃ গোল কিক্ কি রকম জায়গা থেকে মারা যায়? '

উঃ গোল এরিয়ার যে কোন্ জায়গায় বসিয়ে।

প্রঃ ভারতীয় ফুটবলের সপ্তদশ আইন ধারায় কি বিষয় সম্পর্কে বলা হয়েছে?

উঃ কর্ণার কিক্ সম্পর্কে।

প্রঃ কর্ণার পতাকা কখন সরানো যায় না?

উঃ কর্ণার কিকের সময়।

প্রঃ কর্ণার কিকে কিরকম গোল হয়?

উঃ সরাসরি গোল হয়।

প্রঃ কর্ণার কিক মারা বল অন্য খেলোয়াড় না খেলা পর্যন্ত কর্ণার কিক্ মারা খেলোয়াড় খেললে বিপক্ষ দল কি পাবে?

উঃ ইনডিরেক্ট ফ্রি-কিক পাবে।

প্রঃ কর্ণার কিক্ মারার সময় বিপক্ষীয় খেলোয়াড় বল থেকে কত দূরে থাকবে?

উঃ ৯ মিটার বা ১০ গজ দূরে।

প্রঃ কর্ণার কিক্ কোথা থেকে করতে হবে?

উঃ যেদিক দিয়ে বল বাইরে যাবে সেই দিকের কোণ থেকে।

প্রঃ যদি দেখা যায় ক্রশবার ভাঙ্গা অবস্থায় আছে অথবা ঠিক মত নাগাল হয়নি এবং সেই মুহূর্তে সরানোর কোন্ সুযোগ না থাকে, তাহলে রেফারির কি করণীয় থাকে?

উঃ রেফারি খেলা বন্ধ করে দেবেন।

প্রঃ মাঠের কোথায় ফ্ল্যাগ লাগানোর প্রয়োজন থাকে না?

উঃ মাঠের মাঝামাঝি লাইনে।

প্রঃ ফুটবল আইনের কত ধারা অনুযায়ী একজন খেলোয়াড় ফুটবল বুট্ ব্যবহার না করে সাধারণ বুট্ ব্যবহার করতে পারে?

উঃ ফুটবলের আইনের চার নং ধারা অনুযায়ী।

প্রঃ একজন লাইন্সম্যান বল পার্শ্বরেখা অতিক্রম করার পতাকা উত্তোলন করা সত্ত্বেও রেফারির বাঁশী বাজাতে দেরী হওয়ার মধ্যে যদি কোন্ও রক্ষণ ভাগের খেলোয়াড় পেনাল্টি সীমানার মধ্যে একজন বিপক্ষের আক্রমণভাগের খেলোয়াড়কে রুখে দেবার প্রয়োজনে তাকে মারাত্মক আঘাত করে বসে, সেক্ষেত্রে রেফারির করণীয় কি?

উঃ সঠিক বিচার ও শাস্তিপ্রদান করে থ্রো-ইনের মাধ্যমে খেলা শুরু করা।

প্রঃ খেলার মধ্যে হঠাৎ যদি কোন্ খেলোয়াড় মাঠে ধূমপান করেন তাহলে রেফারি কি করবেন?

উঃ অভদ্র আচরণের জন্য সতর্ক করে দেবেন।

প্রঃ খেলোয়াড়কে মাঠ থেকে বাইরে যাবার নির্দেশ একমাত্র কে দিতে পারেন?

উঃ রেফারি।

প্রঃ অতিরিক্ত সময়ের খেলার পূর্বে কোন্ দল কিক্ অফ্ করে খেলা শুরু করবে?

উঃ দুই দলের অধিনায়ক টস্ করে সিদ্ধান্ত নেবে।

প্রঃ যদি কিক্-অফ থেকে সরাসরি বিপক্ষের গোলের মধ্যে বল প্রবেশ করলে রেফারী কি সিদ্ধান্ত নেবেন?

উঃ বিপক্ষকে গোল কিক্ দিয়ে খেলা শুরু করার নির্দেশ দেবেন।

প্রঃ বলটি কখন মাঠের বাইরে গেছে বলে গণ্য হবে?

উঃ পুরো বলটিই মাঠের রেখা অতিক্রম করলে।

প্রঃ একজন রেফারি পুরো বলটাই গোল লাইন অতিক্রম করার পূর্বে যদি গোলের নির্দেশ দেন, কিন্তু তার ভুল যদি তিনি সঙ্গে সঙ্গে বুঝতে পারেন, তাহলে তিনি কি করবেন?

উঃ বলের শেষ অবস্থান থেকে ড্রপ দিয়ে খেলা শুরু করবেন।

প্রঃ একজন রক্ষণ ভাগের খেলোয়াড়, গোলরক্ষক ছাড়া, পেনাল্টি সীমানার বাইরে দাঁড়িয়ে থেকে, পেনাল্টি সীমানার ভিতরে থাকা বলকে যদি হাত দিয়ে টেনে নেয়, রেফারি কি বিধান দেবেন?

উঃ পেনাল্টি কিকের নির্দেশ দেবেন।

প্রঃ খেলা চলাচালীন একজন খেলোয়াড় যদি রেফারির অনুমোদন ছাড়াই মাঠের ভিতর ঢুকে পড়ে, তাহলে রেফারি কি করবেন।

উঃ পরবর্তীকালে অবৈধ কাজ ও বিপজ্জনক কাজের জন্য কঠিন শাস্তি দেবেন।

প্রঃ একজন খেলোয়াড় ফ্রি-কিক্ নেবার পরে অন্য কোন খেলোয়াড় সেই বল স্পর্শ করার আগেই ইচ্ছাকৃতভাবে হাত দিয়ে বল নামায়, তাহলে রেফারি উক্ত খেলোয়াড়ের বিরুদ্ধে কি রকম শাস্তির বিধান দেবেন?

উঃ পেনাল্টির নির্দেশ দেবেন এবং খেলোয়াড়কে হলুদ কার্ড দেখাবেন।

প্রঃ একটি ফ্রি-কিক্ কি পিছন থেকে নেওয়া যাবে?

উঃ যদি ফ্রি-কিক্ আইনের ১০ ধারা অনুযায়ী হয়।

প্রঃ নিজেদের সীমানা থেকে ফ্রি-কিক নিতে থাকা দলের একটি খেলেয়াড় নিজের গোলরক্ষককে দিতে গিয়ে সরাসরি নিজেদের গোলে বল মেরে দিলে রেফারী গোল অথবা কর্ণার কিকের কোন্‌টা নির্দেশ দেবেন?

উঃ কর্নার কিকের নির্দেশ দেবেন।

প্রঃ একটি পেনাল্টি কিক্ পুনরায় নেওয়ার নির্দেশ দেওয়া হয়, কারণ গোলরক্ষক পেনাল্টি কিক্ নেওয়ার আগেই তার জায়গা থেকে সরে যায়। তাহলে ঐ কিক্ আগে যে খেলোয়াড় নিচ্ছিল সেই নেবে না অন্য কেউ নিতে পারে?

উঃ যে কোন্ খেলোয়াড়ই নিতে পারে।

প্রঃ একজন খেলোয়াড় পেনাল্টি শট নেবার সময় তার একজন সতীর্থের উদ্দেশ্যে বল সামনের দিকে পাস বাড়িয়ে এবং যাতে ঐ সতীর্থ খেলোয়াড়টি এগিয়ে এসে কিক্ করে গোল করতে পারে। এ ক্ষেত্রে রেফারি কি গোল দেবেন?

উঃ যদি আইনসম্মত এবং খেলা চলাকালীন পেনাল্টি শট নেওয়া হয়।

প্রঃ পেনাল্টি কিক্ নেওয়ার পরে, গোলপোস্ট অথবা ক্রশবারে লেগে বল ফেটে গেলে রেফারি কি করবেন?

উঃ অন্য একটি বল নিয়ে ড্রপ দিয়ে খেলা শুরু করবেন।

প্রঃ বল পার্শ্বরেখা অতিক্রম করায় রেফারি থ্রো-ইনের নির্দেশ দেন, কিন্তু বল থ্রো-ইন করার পূর্ব মুহূর্তে একজন খেলোয়াড় প্রতিপক্ষের একজন খেলোয়াড়কে ইচ্ছাকৃতভাবে ফাউল করলে এক্ষেত্রে রেফারি কি করবেন?

উঃ দোষী খেলোয়াড়কে মাঠের বাইরে যেতে নির্দেশ দিয়ে থ্রো-ইন্ দিয়ে খেলা শুরু করবেন।

প্রঃ একজন খেলোয়াড় থ্রো-ইন করলে বল মাঠের সীমানায় না গিয়ে পার্শ্বরেখার বাইরে পড়লে, কি করা হবে?

উঃ থ্রো-ইন পুনরায় দেওয়া হবে।

প্রঃ একজন খেলোয়াড় আইনসম্মতভাবে একটা গোল কিক্ নিলে এবং বল পেনাল্টি সীমানার বাইরে যাওয়ার পর অন্য কোন খেলোয়াড় বলটি স্পর্শ করার আগেই এগিয়ে গিয়ে বলটি হাত দিয়ে ধরে ফেললে রেফারি কি করবেন?

উঃ বিপক্ষ দলকে ডাইরেক্ট ফ্রি-কিক্ নেওয়ার নির্দেশ দেবেন।

প্রঃ গোল-কিক নেওয়ার পরে বল পেনাল্টি সীমানা অতিক্রম করার আগেই বিপক্ষ দলের একজন খেলোয়াড় যদি ঐ খেলোয়াড়কে ল্যাং মেরে ফেলে দেয়, তাহলে রেফারি কি ফ্রি-কিকের নির্দেশ দেবেন?

উঃ না, খেলোয়াড়কে মাঠের বাইরে পাঠিয়ে গোল-কিক্ দিয়ে খেলা শুরু করবেন।

প্রঃ আন্তর্জাতিক ফুটবল এ্যাসোসিয়েশন বোর্ড যে ম্যানডেটারি ইনস্ট্রাকসন জারি করেছিলেন, সেগুলি কোন্ বিশ্বকাপের আসরে প্রয়োগ করে?

উঃ ইতালিতে অনুষ্ঠিত ১৯৯০-এর বিশ্বকাপ ফুটবলের আসরে।

প্রঃ আন্তর্জাতিক এফ. এ. বোর্ড এবং ফিফা রেফারিজ কমিটি দ্বারা পূর্ণভাবে সমর্থিত কোন্ দু'টি সুপারিশের প্রতি রেফারিদের মনযোগ দিতে বলা হয়েছে?

উঃ দু'টি সুপারিশ—(১) আহত খেলোয়াড়, (২) মাঠের দাগ।

প্রঃ শুধুমাত্র টেবিলে বসে বদলী খেলোয়াড় গ্রহণ সম্বন্ধীয় নির্দেশ করা ছাড়াও রিজার্ভ রেফারির ক'টি কর্তব্য রয়েছে?

উঃ ১১টি কর্তব্য রয়েছে।

প্রঃ রিজার্ভ রেফারির যে ১১টি কর্তব্য রয়েছে, তার যে কোন ১টি কর্তব্যের উল্লেখ কর।

উঃ বদলী খেলোয়াড়ের মাঠে প্রবেশের পূর্বে তাদের সরঞ্জাম ও বুট পরীক্ষা করে দেখবেন।

প্রঃ রেফারি হতে গেলে কি কি গুণ থাকা দরকার?

উঃ উত্তম স্বাস্থ্য, ব্যক্তিত্ব ও উপস্থিত বুদ্ধি।

প্রঃ ম্যাচে যখন টেনশন থাকে তখন রেফারির কিরকম থাকা উচিত?

উঃ মাথা ঠাণ্ডা রেখে পরিস্থিতি বিচার করা।

ক্রিকেটের কথা

প্রঃ ক্রিকেটের জন্ম কোথায়?

উঃ ইংল্যাণ্ডে।

প্রঃ কলকাতায় ক্রিকেটের আসর বসে কতো সালে?

উঃ ১৭৯২ সালের ফেব্রুয়ারীতে।

প্রঃ কত সালে ক্যালকাটা আর ইটোনিয়ান্স খেলার স্কোর বোর্ড পাওয়া যায়?

উঃ ১৮০৪ সালে।

প্রঃ প্রথম ক্রিকেট ম্যাচ অনুষ্ঠিত হয় কবে? কার কার মধ্যে হয়?

উঃ ১৮৭৭ সালে ১৫ই মার্চ, অস্ট্রেলিয়া আর ইংল্যাণ্ডের মধ্যে।

প্রঃ ১৮৭৭ সালের ক্রিকেট ম্যাচটি কোথায় হয়?

উঃ মেলবোর্নে।

প্রঃ জিনেট কাপ খেলা হয় কবে?

উঃ ১৯৬৩ সালে।

প্রঃ বেনসন ও হেজেস কাপ কত সালে হয়?

উঃ ১৯৯৩ সালে।

প্রঃ কত সালে ইন্ট্যান্ট ক্রিকেটের জন্ম?

উঃ ১৯৭১ সালে।

প্রঃ কত সালে প্রথম বিশ্বকাপ ক্রিকেটের প্রুডেনশিয়াল কাপ শুরু হয়? কে কে খেলে? কোথায় হয়?

উঃ ১৯৭৫ সালে। ইংল্যাণ্ড আর ভারতের মধ্যে। লর্ডসে খেলাটি হয়।

প্রঃ ক্রিকেটের আইন প্রণয়ন কত সালে হয়।
উঃ ১৭৪৪ সালে।
প্রঃ ক্রিকেটের আইন বলে কাকে সবাই মান্য করে? সেটা কি?
উঃ এম. সি. সি রুলস্।
প্রঃ ক্রিকেটের ব্যাট কতটা চওড়া হবে?
উঃ $৪^{১}/_{৪}$ ইঞ্চি।
প্রঃ কত সালে "ওয়াইড"-কে "বাই" হিসেবে গণ্য করা হয়?
উঃ ১৮১১ সালে।
প্রঃ রানারের উপকরণ কি?
উঃ ব্যাটিং গ্লাভস ও প্যাড পরা।
প্রঃ ফিল্ডসম্যান কার অনুমতি ছাড়া মাঠ পরিত্যাগ করতে পারে না?
উঃ আম্পায়ার।
প্রঃ আম্পায়ার কোথায় দাঁড়ান?
উঃ অফসাইডে যে কোন স্থানে।
প্রঃ নবাগত ব্যাটসম্যান তার খেলা শুরু করেন কোন্ দিক থেকে?
উঃ উইকেট রক্ষকের দিক থেকে।
প্রঃ কখন ইনিংস শুরু হবে?
উঃ বাউণ্ডারি লাইনের ভেতরে প্রবেশ করা মাত্র।
প্রঃ আম্পায়ারের কাজ কি?
উঃ আইনের প্রয়োজন সাপেক্ষে চরম নিরপেক্ষতা করা।
প্রঃ কার অনুমতি ছাড়া আম্পায়ার বদল করা যাবে না?
উঃ দুই দলের অধিনায়কের অনুমতি না পেলে।
প্রঃ সংগত ও অসংগত খেলার বিচারক কে?
উঃ আম্পায়ার।
প্রঃ আম্পায়ারদের প্রান্ত বদল কখন হয়?
উঃ প্রত্যেক দলের একটি করে ওভারের খেলা শেষ বলে।
প্রঃ বাউণ্ডারি কি?
উঃ একটি বাহু তুলে এপাশ থেকে ওপাশে নাড়ানোকে বাউণ্ডারি বলে।
প্রঃ ওভার বাউণ্ডারি কি?
উঃ দুই বাহু মাথার উপর উত্তোলনের দ্বারা।
প্রঃ বাই কি?
উঃ হাতের মুঠো তুলে মাথার উপর তোলাকে বোঝায়।
প্রঃ ডেড বল কি?
উঃ কোমরের তলায় দু'হাতের কবজি বারবার এধার ওধার করাকে বোঝায়?
প্রঃ লেগবাই কি?
উঃ একটি পা তুলে হাঁটুতে ঠেকানোকে বোঝায়।

প্রঃ নো বল কি?

উঃ একটি বল সমান্তরালভাবে পাশে প্রসারণকে বোঝায়।

প্রঃ আউট কি ভাবে হয়?

উঃ তর্জনী মাথার উপরে উত্তোলনকে বোঝায়। যদি আউট না হয়, তবে আম্পায়ার নট আউট বলবেন।

প্রঃ শর্টরান কিভাবে বোঝা যাবে?

উঃ একটি বাহুর কনুই উপর দিকে ভেঙে, কাঁধে আঙ্গুলের কার্য করা।

প্রঃ ওয়াইড কি?

উঃ দুই বাহুর সমান্তরাল প্রসারণকে বোঝায়।

প্রঃ কত সালে ক্রিকেটে নতুন আইন হয়?

উঃ ১৯৮০ সালে।

প্রঃ ক্রিকেট বলের ওজন কত হবে?

উঃ ৫$^{১}/_{২}$ আউন্স ১৫৫.৯ গ্রামের কম।

প্রঃ ক্রিকেট বলে পরিধি কত হবে?

উঃ ৮$^{১৩}/_{১৬}$ ইঞ্চি ২২.৪ সে.মি.।

প্রঃ কত ওভার বল করা হলে নতুন বল নেওয়া যায় ক্রিকেটে?

উঃ ৭৫ ওভার।

প্রঃ বলের ওজন ৫$^{১}/_{২}$ আউন্স হবে, তা কত সালে সিদ্ধান্ত নেওয়া হয়?

উঃ ১৭৭৪ সালে।

প্রঃ কত সালে ঠিক হয় বলের আয়তন?

উঃ ১৯২৭ সালে।

প্রঃ কত সালে ৫৪ ওভার বল করার পর নতুন বল নেবার নিয়ম চালু হয়?

উঃ ১৯৪৬ সালে।

প্রঃ ব্যাটের দৈর্ঘ্য কত হবে?

উঃ ৩৮ ইঞ্চি ৯৬.৫ সে.মি.।

প্রঃ ব্যাটের ব্লেডটির কত মি.মি. হবে?

উঃ $^{১}/_{১৬}$ ইঞ্চি / ১৫৬ মি.মি.।

প্রঃ ক্রিকেট ব্যাটের ওজন কত?

উঃ ২ পাউণ্ড ৩ আউন্সের বেশী।

প্রঃ ক্রিকেট ব্যাটটির প্রস্থ কত?

উঃ ৪$^{১}/_{২}$ ইঞ্চি।

প্রঃ ব্যাট কোথায় ভালো হয়?

উঃ উত্তরাঞ্চলে।

প্রঃ পিচ কি?
উঃ দুটি বোলিং ক্রিজের মধ্যের ক্ষেত্রকে পিচ বলা হয়।
প্রঃ ঘাস হীন পিচের দৈর্ঘ্য কত?
উঃ পিচের উপরিস্তর অন্তত ৫৮ ফুট (১৭.৬৮ মি.)
প্রঃ ঘাস হীন পীচের প্রস্থ কত হবে?
উঃ পিচের উপরিস্তর অন্ততঃ ৬ ফুট (১.৮৩ মি.)
প্রঃ ঘাসের পীচের পরিমাপ কত?
উঃ ৬৬ ফুট দৈর্ঘ্য ও ২০ ফুট প্রস্থ।
প্রঃ ম্যাটিং-এর মাপ কত?
উঃ ৬৬ ফুট দৈর্ঘ্য ও ৬ থেকে ৮-৮ ইঞ্চি।
প্রঃ ম্যাটিং পীচ কতটা চওড়া?
উঃ ১০ ফুট।
প্রঃ প্রত্যেকটি বেলের পরিমাপ কি?
উঃ দৈর্ঘ্যে ৪৩/৮ ইঞ্চি বা ১১.১ সেন্টিমিটার।
প্রঃ সেন্টারলাইন কি ভাবে হয়?
উঃ সরলরেখার কেন্দ্রবিন্দু থেকে ৩৩ ফুট মাপ নিয়ে মাঝখান পর্য্যন্ত অংশকে সেন্টার লাইন বলা হয়।
প্রঃ কত সালে ২৮"x ৯" পরিমাপের উইকেট ব্যবহার করা হয়?
উঃ ১৮৭২ সালে মে মাসে।
প্রঃ বোলিং ক্রিজের দৈর্ঘ্য কত?
উঃ ৮ ফুট ৮ ইঞ্চি বা ২.৬৪ মিটার।
প্রঃ পপিং ক্রিজ কি?
উঃ ক্রিজটির দাগের পেছনের অংশকে পপিং ক্রিজ বলে।
প্রঃ রিটার্ণ ক্রিজ কি?
উঃ ক্রিজটির ভেতরের অংশকে বোঝায়।
প্রঃ রিটার্ণ ক্রিজের মাপটি কি রূপ?
উঃ ৪ ফুট বা ১.২২ মিটার।
প্রঃ নিখুঁত ক্রিজ তৈীরর সময় কি দেখা হয়?
উঃ স্টল স্টেপ।
প্রঃ নিখুঁত কাঠের ফ্রেমের দ্বারা আম্পায়ররা কিসের সাহায্য নেয়?
উঃ অভিজ্ঞ গ্রাউণ্ডস্‌ম্যানের।
প্রঃ মাঠ ও পিচ তৈরীর জন্য কি কি প্রয়োজন?
উঃ রোলার, মোয়ার ও কাঠের ফ্রেম।
প্রঃ কত সালের পর ঠিক হয় মিটিং প্রতি করতে হবে?
উঃ ১৮৮০ সালে।

প্রঃ আম্পায়ার 'প্লে' বলে কাকে ডাকেন?

উঃ যে কোন বিরতি বা ব্যাঘাতের পরে পুনরায় খেলার শুরুতে বোলার প্রান্তের আম্পায়ার প্লে বলে ডাকবেন।

প্রঃ এম. সি. সি কর্তৃক গঠিত আইনের মধ্যে ক'টি উপধারা আছে?

উঃ আটটি।

প্রঃ ১৯৮০ সালে বোর্ড অনুযায়ী ক'টি সংকেত আছে?

উঃ ৯টি।

প্রঃ কোন্ বলে স্ট্রাইকার হিট্ করলে কৃতিত্ব লিপিবদ্ধ হবে?

উঃ একটা সংগত বা অসংগত ডেলিভারি করা বলে।

প্রঃ কখন ৬ রান হবে?

উঃ বলটি ভূমি স্পর্শ না করে বাউণ্ডারী লাইন অতিক্রম করলে।

প্রঃ ৪ রান কখন হবে?

উঃ বলটি স্ক্রীনের নীচে এসে লাগলে ৪ রান হবে।

প্রঃ আর কিসে কিসে লাগলে ৬ রান হবে?

উঃ বলটি স্ক্রীনের উপর পড়লে। বলটি স্ক্রীনের পাশ দিয়ে সরাসরি মাঠের বাইরে পড়লে।

প্রঃ ওভার বা টাইম কে ডাকে?

উঃ আম্পায়ার।

প্রঃ 'টাইম' ডাকার পর আম্পায়ার কি করেন?

উঃ আম্পায়াররা দুটি উইকেটেরই ওপর থেকে বেলগুলি তুলে নেবেন।

প্রঃ প্রতি ইনিংসের এবং প্রতিদিনের খেলার শুরুতে এবং যে কোন বিরতি বা ব্যাঘাতের পরে খেলা পুনরায় শুরুতে বোলার প্রান্তের আম্পায়ার কি ডাকবেন?

উঃ 'প্লে' বলবেন।

প্রঃ খেলা শুরুর কত সময় আগে টস্ হয়?

উঃ খেলার শুরুর ১৫ মিনিট আগে।

প্রঃ ম্যাচ শুরু হবার আগে যে বলগুলি ম্যাচে ব্যবহার করা হবে সেই সব বল কার দ্বারা অনুমোদিত হবে?

উঃ আম্পায়ার ও অধিনায়কদের দ্বারা।

প্রঃ খেলা চলাকালীন কোন আম্পায়ার কি বদল করা যায়?

উঃ দুই অধিনায়কের সম্মতি ব্যতীত কোন আম্পায়ার বদল করা যাবে না।

প্রঃ কোন ব্যাটসম্যান ম্যাচ চলার সময় যদি অসুস্থ বা আঘাতের জন্য অসমর্থ হয়ে পড়েন, তবে তিনি কি ব্যবহার করেন?

উঃ রানার।

প্রঃ পরিবর্ত খেলোয়াড় কি ব্যাট বা বল করতে পারে?

উঃ না।

প্রঃ একটি খেলায় দুটি দলের চুক্তি সাপেক্ষে কতজন খেলোয়াড় খেলতে পারবেন?

উঃ এগারজন খেলোয়াড়।

প্রঃ স্কোর বইয়ে শুদ্ধ লিপিবদ্ধের জন্য কে দায়ী থাকেন?

উঃ আম্পায়ারদ্বয় দায়ী থাকবেন।

প্রঃ অনিবার্য কোন্ কারণে খেলা বন্ধ করা বা পুনরায় শুরু করার চূড়ান্ত সিদ্ধান্ত কে নেন?

উঃ আম্পায়ারদ্বয়।

প্রঃ ম্যাচ শেষ হবার পর যোগ্য এবং যথাস্থানে এই বিষয়ে বিস্তারিত বিবরণ বা অভিযোগ কে জানায়?

উঃ আম্পায়ারদ্বয়।

প্রঃ যদি কোন ঘটনায় উইকেটরক্ষক উইকেটরক্ষকের অবস্থান অনসাইডে ফিল্ডসম্যানদের সীমাবদ্ধতা বা ফিল্ডসম্যানের অবস্থান লঙ্ঘন করেন তবে আম্পায়ার কি সংকেত দেবেন?

উঃ 'নো বল' ডাকবেন।

প্রঃ যে কোন কারণে হোক, যদি বোলারের হাত থেকে বল ছাড়া না হয়, তাহলে আম্পায়ার সেই বলকে কি ডাকবেন?

উঃ ডেড বল ডাকলেন।

প্রঃ নো বলের জন্য কি পেনাল্টি হবে?

উঃ এক রান পেনাল্টি হবে।

প্রঃ 'নো বল'কে কি ওভারের মধ্যে গণনা করা হয়?

উঃ না, হবে না।

প্রঃ বোলার যদি উইকেট থেকে অনেক উঁচুতে অথবা অনেক দুর দিয়ে বল করেন যা আম্পায়ারের মতে স্বাভাবিক গার্ড নিয়ে দাঁড়িয়ে থাকা স্ট্রাইকারের নাগালের বাইরে দিয়ে যাচ্ছে, তাহলে বলটিকে কি বলা হয়?

উঃ 'ওয়াইড বল' বলে।

প্রঃ ওয়াইড বলের জন্য পেনাল্টি হিসাবে কত রান যোগ হয়?

উঃ পেনাল্টি হিসাবে এক রান স্কোরের সঙ্গে যোগ হবে।

প্রঃ 'ওয়াইড' ডাকা যাবে না কখন?

উঃ যদি আম্পায়ার কোন বল ডেলিভারি হয়েছে বলে মনে করেন এবং সেই বলটি যদি স্ট্রাইকারের সামনে উইকেটের লাইনে এসে থেমে যায় তবে 'ওয়াইড' ডাকা যাবে না।

প্রঃ রিভোক করা হয় কিভাবে?

উঃ যদি স্ট্রাইকার কোন আম্পায়ার কর্তৃক ওয়াইড ডাকা একটি বলকে হিট করেন, তখন আম্পায়ার সেই ডাক 'রিভোক' বা বাতিল করবেন।

প্রঃ ওয়াইড বল কাকে বলে?

উঃ যদি কোন বল ডেলিভারির পর স্ট্রাইকারের মাথার অনেক উঁচু দিয়ে যায় অথবা তাঁর নাগালের বাইরে থাকে তাহলে তাকে 'ওয়াইড বল' বলা হয়।

প্রঃ 'ওয়াইড বল'-এর আওতায় ব্যাটসম্যান কয় রকম আউট হতে পারে?

উঃ পাঁচ রকমের—(১) হিট উইকেট, (২) স্ট্যাম্পড আইন, (৩) হ্যাণ্ডেল দ্য বল আইন, (৪) অবস্ট্রাক্টিং দ্য বিল্ড আইন, (৫) রান আউন আইন।

প্রঃ কোন্ শব্দটি সকল রকমের আউট হবার ক্ষেত্রে প্রযোজ্য হয়?

উঃ 'হাউজ দ্যাট'।

প্রঃ 'রিটায়ার্ড আউট' কাকে বলে?

উঃ যদি ব্যাটসম্যান আম্পায়ারের কথা না শোনেন। তখন সেই ব্যাটসম্যান 'রিটায়ার্ড আউট' বলে গণ্য হবেন।

প্রঃ এল.বি.ডব্লু আউট কোন আম্পায়ার দেন?

উঃ বোলার প্রান্তের আম্পায়ার দেন।

প্রঃ বোলার প্রান্তের আম্পায়ার কোন কোন আউট দেন?

উঃ বোল্ড আউট, কট আউট, এল. বি. ডব্লু. অবস্ট্রাকটিং দ্য ফিল্ড, রিটায়ার্ড আউট, হিট দ্য বল টোয়াইন, রান আউট।

প্রঃ স্ট্রাইকার প্রান্তের আম্পায়ার কোন কোন আউট দেন?

উঃ হিট উইকেট, রান আউট, স্ট্যাম্পড আউট।

প্রঃ স্ট্রাইকার বোল্ড হবেন কি করে?

উঃ বোলারের দেওয়া বলটি প্রথমে তাঁর ব্যাট বা দেহ স্পর্শ করে থাকলেও তাঁর উইকেট আঘাত করে বেল ফেলে দেয়।

প্রঃ একজন ব্যাটসম্যান কত রকমের আউট হতে পারেন?

উঃ ১১ রকম আইনেব মাধ্যমে।

প্রঃ যদি কোন বল স্ট্রাইকারের ব্যাট বা তাঁর কব্জির নিচের হাত বা গ্লাভস, যা দিয়ে তিনি যে ব্যাটটি ধরে আছেন, তা স্পর্শ করে এবং পরে সেটি মাটি ছোঁয়ার আগেই কোন্ ফিল্ডসম্যান ধরে ফেলেন তবে তাকে কোন আউট বলে?

উঃ ক্যাচ আউট হবেন।

প্রঃ যদি কোন্ স্ট্রাইকার ক্যাচ আউট হন, তবে কি কোন রান স্কোর বোর্ডে অন্তর্ভুক্ত হবে?

উঃ না, হবে না।

প্রঃ স্ট্রাইকারের টুপিটি যদি একটা স্ট্রোক সম্পূর্ণ করার সময় মাথা থেকে খুলে যায় এবং উইকেটটি ভেঙে দেয় এ অবস্থায় আউট হলে সেটা কি আউট?

উঃ হিট উইকেট।

প্রঃ কখন একজন ব্যাটসম্যান হিট উইকেট-এ আউট হন না?

উঃ যখন তিনি একটি থ্রোয়িং এড়িয়ে যাচ্ছেন, যে কোন সময় তা ঘটে।

প্রঃ দুই ব্যাটসম্যানের যে কেউ যদি কথা বা কাজের দ্বারা বিপক্ষ দলকে বাধা দেন, তখন সেই আউটকে কি বলা হয়?

উঃ ইচ্ছাকৃত বাধা।

প্রঃ নো বল নয় এমনি একটি বল খেলার সময় রান নিতে চেষ্টা না করে স্ট্রাইকার যদি আউট অফ হিজ গ্রাউণ্ড হন এবং উইকেটরক্ষক কোন ফিল্ডসম্যানের বিনা হস্তক্ষেপে সেই উইকেট ভেঙে দেন, তবে স্ট্রাইকার কি আউট হন?

উঃ স্ট্যাম্পড আউট।

প্রঃ বোলার ডেলিভারির মুহূর্তে পপিং ক্রিজের পেছনে অন সাইডে কয়জন ফিল্ডার থাকে?

উঃ দুইজন ফিল্ডার।

প্রঃ ফিল্ডস্‌ম্যানের হেলমেট মাঠে রাখা অবস্থায় বল লাগলে কত রান হয়?

উঃ ৫ রান।

প্রঃ অধিনায়কের দায়িত্ব কি?

উঃ অধিনায়কদ্বয় সব সময়ে খেলাটি যাতে সুষ্ঠভাবে চলে তা নিশ্চিত করার জন্য দায়িত্ব নেবেন।

প্রঃ আম্পায়ারের দায়িত্ব কি?

উঃ আম্পায়াররাই হলেন সংগত ও অসংগত খেলার অদ্বিতীয় বিচারক।

প্রঃ একজন খেলোয়াড় যদি বলের সেলাই খুলে ফেলেন, তবে আম্পায়র কি করবেন?

উঃ আম্পায়ার বলটির যে অবস্থা ছিল ঠিক সেই রকম একটি বল দিয়ে আগের বলটি বদল করবেন।

উঃ একটি বল যখন খাটো লেনথে পড়ে ক্রিজে স্বাভাবিক ব্যাটিং স্টান্স নিয়ে দাড়িয়ে থাকা স্ট্রাইকারের কাঁধের উচ্চতাব উপর দিয়ে অতিক্রম করে যায় তখন তাকে কি বল বলা হয়?

উঃ শর্টপীচ বল।

প্রঃ অসংগত খেলার জন্য কোন বোলার, ব্যাটসম্যান বা ফিল্ডারকে দোষী সাব্যস্ত করার ক্ষেত্রে কতকগুলি পদ্ধতি অবলম্বন করা হয়। এগুলি কি কি?

উঃ (১) সতর্ক করা, (২) চূড়ান্ত সাবধান করা, (৩) শাস্তি কার্যকরী করা, (৪) যথাস্থানে ঘটনার বিবরণ লিপিবদ্ধ করা।

হকির কথা

প্রঃ আগে ইংল্যাণ্ডে হকির নাম কী ছিল?

উঃ 'কমক' অথবা 'কমোকি'।

প্রঃ 'কমক' অথবা 'কমোকি' শব্দ দুটি কোন্‌ শব্দ থেকে এসেছিল?

উঃ কামান শব্দ থেকে এসেছিল।

প্রঃ হকির আসল নামটি কবে থেকে ডাকা শুরু হয়?

উঃ ১৮৩৮ সাল থেকে।

প্রঃ সর্বপ্রথম ইংলিশ হকি ক্লাব প্রতিষ্ঠা হয় কোথায় কত সালে?

উঃ ব্ল্যাকহিথ্ ক্লাব লণ্ডনে ১৬০৮ সালে।

প্রঃ হকি ক্লাবের মাঠের সীমানা কত?

উঃ ২০০ গজ লম্বায়, আর চওড়ায় ৬০ গজ।

প্রঃ হকি খেলার গোল এরিয়াটির সীমানা কত?

উঃ ১০ গজ।

প্রঃ কোন্ খেলোয়াড় বিপক্ষ সীমানার কত গজের মধ্যে থাকতে পারবে না?

উঃ ৪০ গজ।

প্রঃ এই নিয়মটি আজ কোন নিয়মে পরিণত?

উঃ 'অফ সাইড' নিয়মে।

প্রঃ কত সালে হকি আবার নতুন নিয়মকানুনে রচিত হয়?

উঃ ১৮৭৫ সালে।

প্রঃ 'উইম্বলডন' ক্লাব প্রতিষ্ঠিত হয় কত সালে?

উঃ ১৮৮২ সালে।

প্রঃ ভারতে প্রথম হকি খেলার প্রচলন হয় কত সালে?

উঃ ১৮৭৫ সালে।

প্রঃ কাদের মধ্যে প্রথম হকি খেলার প্রচলন হয়?

উঃ ব্রিটিশ ও ভারতীয় সৈন্যদের মধ্যে।

প্রঃ হকির যাদুকর কে?

উঃ ধ্যানচাঁদ।

প্রঃ ভারতে প্রতিযোগিতামূলক হকি কত সালে অনুষ্ঠিত হয়?

উঃ ১৮৯৫ সালে।

প্রঃ বাইটন কাপ হকি প্রতিযোগিতা আজ কি নামে পরিচিত?

উঃ 'ব্লু রিবণ্ড' বা নীল ফিতা নামে পরিচিত।

প্রঃ বাইটন কাপ হকি প্রতিযোগিতায় কোন ক্লাব প্রথম বিজয়ী হয়?

উঃ নেভাল ভলিন্টিয়ার্স এ্যাথলেটিক ক্লাব।

প্রঃ নেভাল এ্যাথলেটিক ক্লাব পরে কি ক্লাব নামে খ্যাত?

উঃ রেঞ্জার্স ক্লাব নামে।

প্রঃ জাতীয় হকি কোথায় অনুষ্ঠিত হয়?

উঃ বোম্বাইয়ে।

প্রঃ হকি খেলার প্রথমবারের ট্রফিটি কে দান করেছিলেন?

উঃ আগা খাঁ।

প্রঃ অলিম্পিক হকি শুরু হয় কত সালে?

উঃ ১৯০৮ সালের ২৯শে অক্টোবর।

প্রঃ অলিম্পিক হকি কাদের মধ্যে হয়েছিল?

উঃ স্কটল্যাণ্ড ও জার্মানির মধ্যে।

প্রঃ এই প্রতিযোগিতায় কে প্রথম বিজয়ী হয়েছিল?

উঃ ইংল্যাণ্ড।

প্রঃ অলিম্পিকে পুরোমাত্রায় হকি কবে কোথায় শুরু হয়?

উঃ ১৯২৮ সালে আমস্টারডামে।

প্রঃ এতে কে বিজয়ী হয়েছিল।

উঃ ভারত।

প্রঃ এশিয়ান গেমসে হকির পত্তন কোথায় কত সালে হয়?

উঃ টোকিওতে ১৯৫৮ সালে।

প্রঃ তৃতীয় এশিয়ান গেমসে কে বিজয়ী হয়েছিল?

উঃ পাকিস্তান।

প্রঃ বিশ্বকাপে হকির পত্তন কোথায় কত সালে হয়?

উঃ বার্সিলোনায় (স্পেন) ১৯৭১ সালে।

প্রঃ বিশ্বকাপ হকির বিজয়ী কে?

উঃ পাকিস্তান।

প্রঃ কত সালে ভারত বিশ্বকাপ হকির বিজয়ী হয়?

উঃ ১৯৭৫ সালে।

প্রঃ হকি খেলায় সর্বাধিক কতজন খেলোয়াড় নিয়ে একটি দল গঠন করা হয়?

উঃ ১৬ জন।

প্রঃ প্রত্যেক দলে কতজন খেলোয়াড় থাকে?

উঃ ১১ জন।

প্রঃ খেলা চলাকালীন প্রত্যেক দল সর্বাধিক কত জন করে খেলোয়াড় মাঠে নামাতে পারবেন?

উঃ সর্বাধিক ৫ জন।

প্রঃ পেনাল্টি কর্ণার এবং পেনাল্টি স্ট্রোক দেওয়া হলে কি খেলোয়াড় বদলি করা যাবে?

উঃ না।

প্রঃ এই সময় কিভাবে খেলোয়াড় বদলি করা যাবে?

উঃ কেবল আইন ১.৪ (খ) ধারা অনুযায়ী।

প্রঃ এই খেলার সময়কাল কত?

উঃ প্রত্যেক অর্ধ ৩৫ মিনিট করে দু অর্ধে ৭০ মিনিট।

প্রঃ বদলি খেলোয়াড়কে কি বলে অভিহিত করা হয়?

উঃ 'কিকিং ব্যাক'।

প্রঃ অসমর্থ খেলোয়াড় বদলির দায়িত্ব কার উপর ন্যস্ত থাকবে?

উঃ আম্পায়ারের উপর।

প্রঃ খেলার মাঠের লাইনগুলি কত চওড়া হবে?

উঃ ৩ ইঞ্চি চওড়া হবে।

প্রঃ হকি খেলার মাঠের দৈর্ঘ্য এবং প্রস্থ কত হবে?

উঃ দৈর্ঘ্য হবে ১০০গজ এবং প্রস্থ হবে ৬০ গজ।

প্রঃ লম্বা রেখাগুলিকে কি বলা হয়?

উঃ সাইড লাইন (পার্শ্বরেখা) বলা হয়।

প্রঃ ছোট রেখাকে কি বলা হয়?

উঃ ব্যাক লাইন (প্রান্তরেখা) বলা হয়।

প্রঃ ব্যাক লাইনের বা প্রান্তরেখার গোলপোস্ট দ্বয়ের মধ্যবর্তী রেখাকে কি বলা হয়?

উঃ গোল লাইন বলা হয়।

প্রঃ কর্ণার হিট করার জন্য ব্যাক লাইন থেকে যে দাগ টানা হবে তার দূরত্ব কত হবে?

উঃ সাইড লাইনের বাইরের প্রান্ত থেকে ৫ গজ হবে এবং দৈর্ঘ্য ১২ ইঞ্চি হবে।

প্রঃ গোলপোস্ট ও ক্রসবারগুলি কেমন হবে?

উঃ আয়তাকার হবে।

প্রঃ পোস্টগুলি কি রঙের হবে?

উঃ সাদা রঙের হবে।

প্রঃ জালের ভিতর এবং গোলপোস্টের পিছনে যে ব্যাকবোর্ডটি থাকে, তার উচ্চতা কত?

উঃ উচ্চতা ১৮ ইঞ্চি এবং লম্বায় ৪ গজ।

প্রঃ সাইড বোর্ডগুলির উচ্চতা কত হবে?

উঃ ১৮ ইঞ্চি উঁচু ও কমপক্ষে ৪ ফুট লম্বা হবে।

প্রঃ এই খেলায় বলের ওজন কত হবে?

উঃ ৫$^{৩}/_{৪}$ আউন্সের বেশি ও ৫$^{১}/_{২}$ আউন্সের কম হবে না।

প্রঃ বলের পরিধি কত হবে?

উঃ বলের পরিধি ৯ ইঞ্চির বেশি ও ৮$^{১৩}/_{১৬}$ ইঞ্চির কম হবে না।

প্রঃ আন্তর্জাতিক খেলায় যে বল ব্যবহার করা হবে, তা কোন্ আইনের বর্ণিত বৈশিষ্ট্যের হতে হবে?

উঃ এফ. আই. এইচের আইন।

প্রঃ স্টিকের সর্বোচ্চ ওজন কত হবে?

উঃ ২৮ আউন্স (৭৯৩.৮ গ্রাম)

প্রঃ স্টিকের সর্বনিম্ন ওজন কত হবে?

উঃ ১২ আউন্স (৩৪০.২ গ্রাম)

প্রঃ হকি খেলার স্টিকটির ওজন কত হবে?

উঃ ১২ আউন্স থেকে ২৮ আউন্সের মধ্যে।

প্রঃ খেলা শুরু করার আগে পর্যন্ত খেলোয়াড়রা বল থেকে কতটা দূরত্বে থাকবে?

উঃ ৫ গজ দূরত্বে।

প্রঃ ব্যাক লাইন বা গোল লাইনের কত গজের মধ্যে 'বুলি' করা যাবে না?
উঃ ১৬ গজের মধ্যে।
প্রঃ বিপক্ষ দলকে ফ্রি-হিট মারার সুযোগ কখন দেওয়া হবে?
উঃ যখন ১০.১ শাস্তির আইনটি যে দল ভঙ্গ করবে তখন।
প্রঃ এই খেলায় কোন দলকে বিজয়ী বলে মনে করা হবে?
উঃ যে দল বেশি সংখ্যক গোল করবে সেই দলকে।
প্রঃ গোল কখন হয়েছে আমরা কিভাবে বুঝতে পারব?
উঃ যখন সম্পূর্ণ বলটি গোল লাইন অতিক্রম করবে।
প্রঃ খেলোয়াড় যে স্টিক দিয়ে খেলা শুরু করেছেন বা আইনসংগত ভাবে স্টিক পরিবর্তন করেছেন, তাকে কি বলে?
উঃ 'নিজস্ব স্টিক' বলে।
প্রঃ বলকে হাত দিয়ে থামাতে বা ধরতে গোলকীপার কোন্ আইন প্রয়োগ করবেন?
উঃ ১২.৩ (৩) অনুযায়ী।
প্রঃ দুই প্রতিপক্ষ যদি একই সাথে আইনভঙ্গ করে তবে আম্পায়ার কী করবেন?
উঃ তবে যেখানে আইন ভঙ্গ হয়েছে, আম্পায়ার সেখানে 'বুলি' করার নির্দেশ দেবেন।
প্রঃ অপরাধ ও অপরাধীদের সাবধান করার জন্য তিনি কোন কার্ড দেখাবেন?
উঃ সবুজ কার্ড দেখাবেন।
প্রঃ অপরাধীদের মাঠের বাইরে বের করার জন্য তিনি কোন কার্ড দেখাবেন?
উঃ হলুদ কার্ড দেখাবেন।
প্রঃ খেলোয়াড় কখন অফ-সাইড হবেন না?
উঃ যখন বলটি খেলা হচ্ছে তখন যদি তিনি বলের থেকে ২৫ গজ রেখার অধিক নিকটবর্তী হন।
প্রঃ 'অফ-সাইড' অবস্থা থেকে যদি কোন খেলোয়াড় সরে ২৫গজ সীমানার বাইরে চলে এসে বলটি খেলতে চান তাহলে তাকে কি বলে ধরা হবে?
উঃ অফ-সাইড বলে ধরা হবে।
প্রঃ যে জায়গায় আইন ভঙ্গ করা হয়ে থাকে, সেখানে কি মারতে হবে?
উঃ ফ্রি-হিট মারতে হবে।
প্রঃ যখন ফ্রি-হিট করা হবে তখন বিপক্ষের কোন্ খেলোয়াড় বলটির কত গজের মধ্যে থাকতে পারবে না?
উঃ ৫ গজের মধ্যে।
প্রঃ বৃত্তের মধ্যে আক্রমণকারী দলকে কি শাস্তি দেওয়া হবে?
উঃ পেনাল্টি কর্ণার বা কর্ণার স্ট্রোক দেওয়া হবে।
প্রঃ আম্পায়ার ফ্রি-হিট দেবার পর যদি কোন খেলোয়াড় বলটি সরিয়ে দেন, তবে কি হবে?
উঃ তবে আইন ১২ শাস্তি ধারা ৫ অনুযায়ী, এ ঘটনা বিবেচনা করতে হবে।

প্রঃ বলটিকে কেবল স্পর্শ করলেই কি হিট করা হয়েছে বলে ধরা হবে?
উঃ না, বলটিকে স্থানান্তরিত করতে হবে।
প্রঃ রক্ষণদলের কোন খেলোয়াড় সার্কেলের বাইরে ২৫ গজের ভিতরে ইচ্ছাকৃতভাবে আইন ১২, ১৪, ১৭ ভঙ্গ করবেন, তখন বিপক্ষ দলকে কি করা হবে?
উঃ পেনাল্টি কর্ণার দেওয়া হবে।
প্রঃ রক্ষণ দলের গোলকিপার খেলতে অপারগ হলে কি করা হবে?
উঃ তখন তাঁর পরিবর্তে অন্য একজন গোলকিপার নামাতে হবে।
প্রঃ কখন পেনাল্টি কর্ণার শেষ হয়েছে বলে ধরা হবে?
উঃ যখন বলটি বৃত্ত রেখার ৫ গজের বেশি দূরে চলে যায় তখন।
প্রঃ গোলকীপার যদি ইচ্ছাকৃতভাবে বার বার আইন ১৫.৫ (ক) ভঙ্গ করেন তবে আম্পায়ার কি শাস্তি দেবেন?
উঃ পেনাল্টি স্ট্রোকের নির্দেশ দেবেন।
প্রঃ অন্য কোন্‌ভাবে আইন ১৫ ভঙ্গ করলে রক্ষণদলকে কি শাস্তি দেওয়া হবে?
উঃ রক্ষণ দলকে ফ্রি-হিট দেওয়া হবে।
প্রঃ গোলে মারা প্রথম হিটের বল কত ইঞ্চির উপর দিয়ে গোল লাইন অতিক্রম করবে না?
উঃ ১৮ ইঞ্চির উপর দিয়ে।
প্রঃ রক্ষণকারী দলের খেলোয়াড় দ্বারা বৃত্তের ভিতরে ইচ্ছাকৃতবাবে ধারা ১২, ১৪ অথবা ১৭.২ (ক) ভঙ্গ করা হলে, তখন বিপক্ষ দলকে কি করা হবে?
উঃ পেনাল্টি-স্ট্রোক দেওয়া হবে।
প্রঃ কোন্ আইন ভঙ্গ হলে আম্পায়ার পুনরায় পেনাল্টি স্ট্রোকটি নেবার আদেশ দেন?
উঃ ১৫.২ (গ) অথবা ১৫.৪ (ক) আইন।
প্রঃ গোলকিপারকে কখন হেলমেট পরে নেওয়ার নির্দেশ দেওয়া হয়?
উঃ স্ট্রোক নেওয়ার সময়।
প্রঃ আম্পায়ার কখন বৃত্তের ১৬ গজ দূর থেকে একটি ফ্রি-হিট দেবেন?
উঃ আইনের ১৬.৩ (ক) ১৬.৪ (গ) ধারা লঙ্ঘিত হলে।
প্রঃ পুশ বা হিটকারীদের কি মাঠের বাইরে বা ভিতরে থাকার কোন বাধ্যবাধকতা আছে?
উঃ না, কোন্ বাধ্যবাধকতা নেই।
প্রঃ যখন বলটি পুশ বা হিট করা হবে তখন বিপক্ষ দলের কোন্ খেলোয়াড় কতটা দূরত্বের মধ্যে থাকতে পারবে না?
উঃ ৫ গজ দূরত্বের মধ্যে।
প্রঃ যদি বিপক্ষের কোন্ খেলোয়াড় ৫ গজ দূরত্বের মধ্যে চলে আসেন, তখন আম্পায়ার কি করবেন?
উঃ তখন আম্পায়ার পুশ বা হিটের কাজটি পুনরায় গ্রহণের নির্দেশ দেন।

প্রঃ হিটকারী বলে হিট করার সময় যদি হিট করতে ব্যর্থ হন এবং ধারা ১২.১ (গ) ভঙ্গ না হয় তবে তিনি কী করবেন?

উঃ তবে তিনি হিট টি পুনরায় নিতে পারবেন।

প্রঃ আক্রমণকারী কখন বলে পুশ বা হিট করবেন?

উঃ যখন বলটি স্থির থাকবে।

প্রঃ বলটিতে হিটকারী কি পুশ বা হিট করার সময় বলটির ৫ গজের মধ্যে থাকতে পারবে?

উঃ না।

প্রঃ হিটকারী কখন পুনরায় বলে পুশ বা হিট করতে পারবেন?

উঃ যদি হিটকারী বল মারতে ব্যর্থ হন এবং ধারা ১২.১ (গ) ভঙ্গ না করেন তবে।

প্রঃ শুধুমাত্র বলকে স্টিক দিয়ে ছুঁয়ে দিলেই কি হিট করা হয়েছে বলে ধরা হবে?

উঃ না।

প্রঃ যে খেলোয়াড়কে বদলি করা হয়েছে, সে কি অন্য বদলি খেলোয়াড়ের পরিবর্তে মাঠে প্রবেশ করতে পারে?

উঃ হ্যাঁ, পারে।

প্রঃ খেলোয়াড় মাঠে প্রবেশ করবে বা বাইরে আসবে কোন্‌খান দিয়ে?

উঃ মাঠের মধ্য রেখা দিয়ে এবং আম্পায়ারদের পূর্ব থেকে নির্ধারিত পার্শ্বরেখা দিয়ে।

প্রঃ কে বৃত্তের মধ্যে দিয়ে বদলি হবে?

উঃ কেবলমাত্র গোলকিপার।

প্রঃ একসাথে কত জন খেলোয়াড় বদলি করা যাবে না?

উঃ দুজনের বেশি খেলোয়াড় বদলি করা যাবে না।

প্রঃ একজন খেলোয়াড়কে কখন সময় নষ্টকারী বলে বিবেচিত করা হবে?

উঃ যদি বাঁশি বেজে যাওয়ার পরও সে স্ট্রোক নিতে দেরী করে তখন।

প্রঃ কর্ণারের সময় হিট নেওয়া সব বলই উঁচু দিয়ে আসলে কি তাকে শাস্তি দিতে হবে?

উঃ না। কোন শাস্তি দেওয়া হবে না।

প্রঃ স্থির বলকে ধাক্কা দিয়ে সরিয়ে দিলে কোন্ আইন অনুযায়ী শাস্তি দেওয়া হবে?

উঃ আইন ১২ অনুযায়ী।

প্রঃ গোলকীপার যদি প্রথম শর্টের সাথে সাথে শুয়ে পড়ে গোল মুখ বন্ধ করে গোল রক্ষা করে, তবে কি তাকে শাস্তি দেওয়া যাবে?

উঃ না, শাস্তি দেওয়া যাবে না।

প্রঃ কখন পেনাল্টি কর্ণার-এর আইন বলবৎ থাকে না?

উঃ যখন বলটি রক্ষণদলের খেলোয়াড়ের বা তার স্টিকে স্পর্শ লাগে বা বৃত্তের ৫ গজের বাইরে চলে যায় তখন।

প্রঃ গোলকীপার কখন শাস্তি পাবে?

উঃ যখন আম্পায়ার আইন ভঙ্গের ব্যাপারে নিশ্চিত।

প্রঃ গোলকীপার যদি শুয়ে পড়ে তার উপযুক্ত শাস্তি কী?

উঃ ১ম বার—পেনাল্টি স্ট্রোক, ২য় বার—পেনাল্টি স্ট্রোক + সবুজ কার্ড, ৩য় বার পেনাল্টি স্ট্রোক + হলুদ কার্ড, তারপরে লাল কার্ড।

প্রঃ গোলকিপারকে কখন লাল কার্ড দেখানো হবে?

উঃ তৃতীয়বার।

প্রঃ আম্পায়ার সবুজ কার্ড কখন দেখান?

উঃ দ্বিতীয়বার।

প্রঃ খেলা কখন বিপজ্জনক হয়?

উঃ একজন খেলোয়াড়ের কার্যকলাপের জন্য। সেটা অপরের জন্যও হতে পারে বা নিজের জন্যও হতে পারে।

প্রঃ গোলকিপারকে রক্ষণাত্মক পোশাক পরার জন্য কেন সুপারিশ করা হয়?

উঃ কারণ তাকে যেভাবে খেলতে হয়, সেই খেলা তার জন্য বল ও স্টিক উভয়ের দ্বারাই বিপজ্জনক হতে পারে।

প্রঃ গোলকিপার বহিষ্কৃত হলে গোলকিপার হিসেবে একজন গোলকিপারকে খেলতে দেওয়া হলে তখন ঐ দলের কত জন খেলোয়াড় মাঠে খেলবে?

উঃ ১০ জন।

প্রঃ একজন খেলোয়াড়কে হলুদ কার্ড দেখানো হয়ে থাকলে, তাকে কি আর সবুজ কার্ড দেখানো যাবে?

উঃ না।

প্রঃ যদি কোন খেলোয়াড় বল প্রয়োগ জাতীয় কোন অন্যায় করে, তবে তাকে কি একই রং-এর কার্ড দেখানো হবে?

উঃ না।

প্রঃ একজন খেলোয়াড় বিপক্ষের পায়ের পাতায়, পায়ে বা হাতে বলটি ইচ্ছাকৃত ভাবে মারবে না, এটি কোন্ আইনে বলা হয়েছে?

উঃ আইন ১২, ১৫তে বলা হয়েছে।

প্রঃ কেউ যদি এটি করেন তবে আম্পায়ার তাকে কি শাস্তি দেবেন?

উঃ পেনাল্টি কর্ণার দেবেন।

প্রঃ "বল যদি কোন খেলোয়াড়ের পায়ে বা শরীরে এসে লাগে তবে আইনভঙ্গ হয়েছে বলে বিবেচনার প্রয়োজন নেই"—এটি কোন্ আইনে বলা হয়েছে?

উঃ ১২.১ (৬)-এর নির্দেশনায় বলা হয়েছে।

প্রঃ একজন খেলোয়াড় কখন ইচ্ছাকৃতভাবে আইন ভঙ্গ করে?

উঃ তার দলের সুবিধা পাওয়ার জন্য।

প্রঃ ব্যাতিক্রমধর্মী পরিস্থিতির জন্যে কোন্ শাস্তি দেওয়া হবে?

উঃ শাস্তি ৫.৩ ব্যবহার করা হবে।

প্রঃ কোন্ খেলোয়াড় কি আম্পায়ারের সিদ্ধান্তের প্রতিবাদ করতে পারে?
উঃ হ্যাঁ।
প্রঃ একজন খেলোয়াড় কখন অফ্‌সাইড হবে না?
উঃ তার উপস্থিতির জন্য।
প্রঃ একজন খেলোয়াড় কখন অফ্‌সাইড হবে?
উঃ তার আচরণের জন্য।
প্রঃ আইন ১৪ (ক)-তে কি বলা হয়েছে?
উঃ ফ্রি-হিট সেই স্থান থেকে নিতে হবে যে স্থানে আইন খণ্ডন হয়েছে।
প্রঃ বৃত্তের ভিতর বার বার এই আইন ভঙ্গ হলে, কি শাস্তি দেওয়া হবে?
উঃ পেনাল্টি কর্ণার দেওয়া হবে।
প্রঃ ফ্রি-হিট কখন সম্পন্ন হবে?
উঃ ফ্রি-হিট করার জন্য পুশ বা হিট নেওয়ার পর বলটি স্থানান্তরিত হলে।
প্রঃ স্থির বলের উপর স্টিক রাখলেই কি ফ্রি-হিট করা হবে?
উঃ না।

ভলিবল

প্রঃ কখন ভলিবল খেলা অনুষ্ঠিত হয়?
উঃ শীতকালে।
প্রঃ ভলিবল খেলার আবিষ্কারক কে?
উঃ আমেরিকার নিউইয়র্কের উইলিয়াম জি মারগান।
প্রঃ তিনি খেলার কি নাম দেন?
উঃ 'মিনটোনেট'।
প্রঃ কত সালে এই খেলার উৎপত্তি?
উঃ ১৮৯৫ সালে।
প্রঃ কত সালে প্রথম পুস্তিকাকারে ভলিবল খেলার আইন কানুন প্রকাশিত হয়?
উঃ ১৮৯৭ সালে।
প্রঃ ভলিবলের জনপ্রিয়তা কোথা পর্যন্ত গিয়ে পৌঁছায়?
উঃ কানাডায়।
প্রঃ বিশ্বের প্রথম ভলিবল ফেডারেশন কোথায় গঠিত হয়?
উঃ চেকোশ্লোভাকিয়ায়।
প্রঃ কত সালে বিশ্বের প্রথম ভলিবল ফেডারেশন গঠিত হয়?
উঃ ১৯২৩ সালে।
প্রঃ জাপানে কত সালে ভলিবল ফেডারেশন গঠিত হয়?
উঃ ১৯২৭ সালে।
প্রঃ আমেরিকায় কত সালে ভলিবল ফেডারেশন গঠিত হয়?
উঃ ১৯২৮ সালে।

প্রঃ কত সালে আন্তর্জাতিক অলিম্পিক কমিটি কিউবায় অনুষ্ঠিত আঞ্চলিক ভলিবল প্রতিযোগিতা অনুষ্ঠানের স্বীকৃতি দেয়?

উঃ ১৯২৯ সালে।

প্রঃ কত সালে মেয়েদের ভলিবলের সূচনা হয়?

উঃ ১৯৩৩ সালে।

প্রঃ কত সালে আন্তর্জাতিক ভলিবল ফেডারেশন গঠিত হয়?

উঃ ১৯৪৭ সালের ২৯শে এপ্রিল।

প্রঃ কার নেতৃত্বে আন্তর্জাতিক ভলিবল ফেডারেশন গঠিত হয়?

উঃ মিঃ পল লিবার্ড-এর নেতৃত্বে।

প্রঃ কত সালে অলিম্পিকে ভলিবল অন্তর্ভুক্ত হয়?

উঃ ১৯৬৭ সালে।

প্রঃ কত সালে সিরিয়ায় বিশ্ব ভলিবল চ্যাম্পিয়নশিপ অনুষ্ঠিত হয়?

উঃ ১৯৪৯ সালে।

প্রঃ জুনিয়র বিশ্ব চ্যাম্পিয়নশিপ কত সালে অনুষ্ঠিত হয়?

উঃ ১৯৫২ সালে।

প্রঃ পুরুষ বিশ্বকাপ ভলিবল অনুষ্ঠিত হয় কত সালে?

উঃ ১৯৬৫ সালে।

প্রঃ মহিলা বিশ্বকাপ ভলিবল কত সালে অনুষ্ঠিত হয়?

উঃ ১৯৭৩ সালে।

প্রঃ জুনিয়র বিশ্ব চ্যাম্পিয়নশিপ কত সালে অনুষ্ঠিত হয়?

উঃ ১৯৭৭ সালে।

প্রঃ ভলিবল ভারতবর্ষের মধ্যে কোথায় প্রথম চালু হয়?

উঃ কলকাতাতে।

প্রঃ ভলিবল কলকাতাতে প্রথম পত্তন হয় কত সালে?

উঃ ১৯০৫ সালে।

প্রঃ ভলিবল কলকাতাতে প্রথম কে পত্তন করেন?

উঃ ওয়াই. এম. সি.-এ বয়েজ ব্রাঞ্চের সম্পাদক এস. প্যাটারসন।

প্রঃ ভারত কাকে হারিয়ে সর্বপ্রথম আন্তর্জাতিক বিজয় স্থাপন করে?

উঃ মস্কোর স্পাদাকাককে।

প্রঃ কত সালে ভারত সর্বপ্রথম আন্তর্জাতিক বিজয় স্থাপন করে?

উঃ ১৯৫৫ সালে।

প্রঃ ভলিবল খেলার মাঠটি কেমন হবে?

উঃ আয়তাকার।

প্রঃ ভলিবল খেলার মাঠটির পরিধি কত হবে?

উঃ কোর্টটির দৈর্ঘ্য হবে ১৮ মিটার ও প্রস্থ হবে ৯ মিটার।

প্রঃ ইনডোর গেমসে কোর্টের চারপাশে কমপক্ষে কতটা জায়গা খোলা থাকবে?

উঃ কমপক্ষে ২ মিটার এবং মুক্ত জায়গায় নূন্যতম ৩ মিটার।

প্রঃ উপরের দিকে কত মিটার প্রতিবন্ধকহীন জায়গা থাকবে?
উঃ ৭ মিটার।
প্রঃ আন্তর্জাতিক প্রতিযোগিতায় ইনডোর গেম্‌স কোর্টে সাইড লাইন থেকে কত মিটার জায়গা খোলা থাকবে?
উঃ কমপক্ষে ৫ মিটার ও খোলা জায়গায় অন্তত ৮ মিটার।
প্রঃ খোলা জায়গা উপরের দিকে কত মিটার মুক্ত থাকবে?
উঃ ১২.৫ মিটার।
প্রঃ ভলিবলের মাঠের মেঝে কেমন হবে?
উঃ সমতল ও মসৃণ।
প্রঃ কোর্টের মেঝে কেমন হবে?
উঃ কোর্টের মেঝে এমন হবে যাতে খেলোয়াড়দের আঘাত পাবার কোন্ সম্ভাবনা না থাকে।
প্রঃ ইনডোর কোর্টের মেঝের রং কেমন হবে?
উঃ হাল্কা বা উজ্জ্বল রং।
প্রঃ খোলা জায়গায় খেলা হলে, জল না জমার জন্য প্রতি মিটার ভূমিতে কত মিটার ঢালু রাখতে হবে?
উঃ ৫ মিলিমিটার।
প্রঃ কোর্টের সীমা নির্দেশক সমস্ত রেখা প্রস্থে কত মিটার হবে?
উঃ ৫ সেন্টিমিটার।
প্রঃ সেণ্টার লাইন থেকে উভয় কোর্টের পরিমাপ কত?
উঃ ৯ মি: ৯ মি:।
প্রঃ সেণ্টার লাইনের সমান্তরাল আক্রমণ রেখা উভয় কোর্টে কত মাপের হবে?
উঃ ৩ মিটার।
প্রঃ সার্ভিস জোন কোথায় থাকবে?
উঃ প্রত্যেক কোর্টের ডানদিকে।
প্রঃ সার্ভিস লাইনের দৈর্ঘ্য চিহ্নিত করতে হলে কত মিটার লাইন টানতে হবে?
উঃ ১.৫ সেন্টিমিটার লম্বা দুটি লাইন।
প্রঃ মাঠের তাপমাত্রা কত হবে?
উঃ মাঠের তাপমাত্রা ১° সেন্টিগ্রেড অথবা ৫০° ফারেনহাইটের নিচে হবে না।
প্রঃ এই তাপমাত্রা কোন্ কোর্টের জন্য প্রযোজ্য?
উঃ ইনডোর কোর্টের জন্য।
প্রঃ এই খেলায় কত পাওয়ারের বাল্ব ব্যবহার করতে হবে?
উঃ মেঝে থেকে প্রতি ১ মিটার উচ্চতায় ৫০০-১০০০ পাওয়ারের বাল্ব।
প্রঃ ভলিবল খেলায় জালটির দৈর্ঘ্য কত হবে?
উঃ দৈর্ঘ্য হবে ৯.৫০ মিটার ও প্রস্থ ১ মিটার।

প্রঃ নেটটি কিভাবে ঝোলাতে হবে?

উঃ এমনভাবে ঝোলাতে হবে যাতে কোর্টের মেঝে সমান দুভাগে বিভক্ত থাকে।

প্রঃ নেটের প্রতি ঘর কত মাপের হবে?

উঃ প্রতিটি ঘর চারকোণা এবং ১০ সেন্টিমিটার মাপের হবে।

প্রঃ মেঝে থেকে নেটের উচ্চতা কত হবে?

উঃ পুরুষদের জন্য ২.৪৩ মিটার এবং মেয়েদের জন্য ২.২৪ মিটার।

প্রঃ নেটের উচ্চতা কোনখান থেকে মাপা হবে?

উঃ কোর্টের ঠিক মাঝখান থেকে।

প্রঃ নেটের দুই প্রান্তের উচ্চতা মাঝখান থেকে কত সেন্টিমিটারের বেশি হবে না?

উঃ ২ সেন্টিমিটারের বেশি হবে না।

প্রঃ নেটকে শক্ত করে বাঁধার জন্য যে দুটি গোল দণ্ড থাকে, সেগুলির উচ্চতা কত?

উঃ ২.৫৫ মিটার।

প্রঃ ভলিবল খেলার বলের পরিধি কত হবে?

উঃ বলের পরিধি হবে ৬৫ থেকে ৬৭ সে.মি.।

প্রঃ বলটির ওজন কত হবে?

উঃ ২৬০ থেকে ২৮০ গ্রাম।

প্রঃ বলের রং কেমন হবে?

উঃ বলের রং হবে হালকা এবং তা এক রংয়ের হবে।

প্রঃ বলের ভিতরে বায়ুর চাপ কত থাকবে?

উঃ বলের ভিতরে বায়ুর চাপ থাকলে ০.৪০ থেকে ০.৪৫ কিলোগ্রাম।

প্রঃ আন্তর্জাতিক প্রতিযোগিতায় কার অনুমোদিত বল ব্যবহৃত হয়?

উঃ এফ. আই. ভি. বি. অনুমোদিত।

প্রঃ এই খেলায় কতজন কোচ থাকবে?

উঃ ১ জন কোচ এবং ১ জন সহকারী কোচ।

প্রঃ ভলিবল খেলায় কতজন খেলোয়াড় নিয়ে একটি দল গঠন করা হবে?

উঃ ১২ জন।

প্রঃ কারা এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে পারবেন?

উঃ কেবলমাত্র স্কোরশিটে তালিকাভুক্ত খেলোয়াড়রাই।

প্রঃ অধিনায়ককে কিভাবে চিহ্নিত করা যাবে?

উঃ চিহ্নিত করণের জন্য তার বুকের বাঁ পাশে ৮/২ সেন্টিমিটার মাপের ফিতা লাগানো থাকবে।

প্রঃ এই ফিতাটির রং কেমন হবে?

উঃ জার্সির রং থেকে আলাদা রংয়ের হবে।

প্রঃ খেলোয়াড়দের জার্সিতে কত থেকে কত পর্যন্ত নাম্বার লেখা থাকবে?

উঃ ১ থেকে ১৫।

প্রঃ খেলোয়াড়দের জুতো কেমন হবে?

উঃ জুতো হবে হিল ছাড়া নমনীয় চামড়া অথবা রাবারের তৈরী।

প্রঃ খেলার মধ্যে সকলকে কোন আইনের প্রতি অনুগত থাকতে হবে?

উঃ ৬.১ (খ) থেকে ৬.১ (ঝ) ধারায় বর্ণিত আইন।

প্রঃ কে 'টস'-এ অংশ নেবেন?

উঃ অধিনায়ক।

প্রঃ খেলা শুরুর আগে প্রতি দল নেটে কত মিনিট করে অনুশীলন করার সুযোগ পাবে?

উঃ ৩ মিনিট করে।

প্রঃ প্রতি দল নেটে ৫ মিনিট অনুশীলন করার সুযোগ কখন পাবে?

উঃ বাড়তি কোর্টে ওয়ার্মিং আপের সুযোগ না থাকলে।

প্রঃ যদি উভয় দলের অধিনায়ক একই নেটে অনুশীলনের দাবি জানায়, তবে রেফারি উভয়দলকে কত মিনিট সময় দেবেন?

উঃ ৬ থেকে ১০ মিনিট।

প্রঃ কোন দল আগে অনুশীলনের সুযোগ পাবে?

উঃ যে দল টসে সার্ভিসের সুযোগ পাবে।

প্রঃ যে ছয়জন খেলোয়াড় নিয়ে একটি সেট শুরুর করার প্রস্তুতি নেবেন, তাদেরকে সমষ্টিগত ভাবে কি বলা হবে?

উঃ আরম্ভ লাইন-আপ বলা হবে।

প্রঃ কত জনের কম খেলোয়াড় নিয়ে আরম্ভ লাইনআপ করা যাবে না?

উঃ ছয় জনের কম খেলোয়াড় নিয়ে।

প্রঃ যে খেলোয়াড়েরা কোন সেটে 'আরম্ভ লাইন আপ'-এর বাইবে থাকে, তাকে কি বলে বিবেচিত করা হয়?

উঃ তাকে সেই সেটের বদলি খেলোয়াড় হিসেবে বিবেচিত করা হয়।

প্রঃ যখন সার্ভিস করার জন্য বলে হিট বা আঘাত করা হবে, তখন কি সকল খেলোয়াড় কোর্টের ভিতরে অবস্থান করবে?

উঃ না, কেবলমাত্র সার্ভার ছাড়া।

প্রঃ খেলোয়াড় পরিবর্তন ও টাইম আউটের বিরতিকে কি বলা হয়?

উঃ আইনানুগ বিরতি বলা হয়।

প্রঃ টাইম আউটের বিরতির সময় কত?

উঃ ৩০ সেকেণ্ড।

প্রঃ খেলা কখন বাতিল বলে ঘোষণা করা হবে?

উঃ যদি ৪ ঘণ্টার অধিক খেলাটি বাতিল থাকে।

প্রঃ কোন খেলোয়াড়ের বিপক্ষ কোর্টে বল পাঠাবার এ্যাকসনকে কি বলে?
উঃ এ্যাটাক হিট বলে।
প্রঃ নেটের নিকটে অবস্থান নেওয়া সামনের সারির খেলোয়াড় দ্বারা দলের আক্রমণ হাত দিয়ে প্রতিহত করাকে কি বলে?
উঃ ব্লক বলে।

হ্যাণ্ডবল

প্রঃ কে 'হ্যাণ্ডবল' খেলা প্রবর্তন করেন?
উঃ ডেনমার্কের জনৈক ক্রীড়া শিক্ষক হোজার নিয়েলসেন।
প্রঃ হ্যাণ্ডবলের প্রথম আন্তর্জাতিক প্রতিযোগিতামূলক ম্যাচ কত সালে কোথায় অনুষ্ঠিত হয়?
উঃ ১৯২৫ সালের ১২ই সেপ্টেম্বর হ্যালীস্যালীতে।
প্রঃ কত সালে ইণ্টারন্যাশনাল এ্যামেচার হ্যাণ্ডবল ফেডারেশন গঠিত হয়?
উঃ ১৯২৮ সালে।
প্রঃ কত সালে কোপেনহেগেনে নবগঠিত 'ইণ্টারন্যাশনাল হ্যাণ্ডবল ফেডারেশনকে স্বীকৃতি প্রদান করে?
উঃ ১৯৪৬ সালে।
প্রঃ ১৯৮৬ সাল পর্যন্ত ৯টি জাতীয় ফেডারেশনে কত খেলোয়াড় আন্তর্জাতিক হ্যাণ্ডবল ফেডারেশনের অন্তর্ভুক্ত হয়?
উঃ প্রায় দুই লক্ষ দল এবং ৪.৫ মিলিয়ান খেলোয়াড়।
প্রঃ কত সালে হ্যাণ্ডবল খেলা এশিয়ার জনপ্রিয়তা লাভ করে?
উঃ ১৯৭৪ সালের দিকে।
প্রঃ কত সালে এশিয়ান হ্যাণ্ডবল ফেডারেশন (AHF) গঠিত হয়?
উঃ ১৯৭৪ সালে।

আইন-১ : খেলার মাঠ

প্রঃ হ্যাণ্ডবল খেলার মাঠের মাপ কত?
উঃ পূর্ণ মাঠের দৈর্ঘ্য বা পার্শ্বরেখা ৪০ মিটার, প্রস্থ বা প্রান্তরেখা ২০ মি. লম্বা।
প্রঃ গোলপোস্টের অবস্থান কোথায় হবে?
উঃ মাঠের উভয়প্রান্তে গোললাইনের ঠিক মাঝখানে।
প্রঃ প্রতিটি গোলপোস্টে-এর মাপ কতটা হবে?
উঃ প্রতিটি গোলপোস্ট লম্বায় ৩ মিটার ও উচ্চতায় ২ মিটার হবে।
প্রঃ গোলপোস্ট ও ক্রশবার কি দিয়ে তৈরী হয়?
উঃ ৮ x ৮ সেণ্টিমিটার মোটা কোন কাঠ, বাঁশ বা হালকা ধাতুর তৈরী হবে।
প্রঃ ফ্রি-থো লাইন কিভাবে টানতে হবে?
উঃ মাঠের উভয়প্রান্তে গোলপোস্ট থেকে ৯ মি. দূরত্বে ১৫ সে.মি. লম্বা বিন্দু বিন্দু দাগ টানতে হবে।

প্রঃ পেনাল্টি লাইন কিভাবে টানতে হবে?

উঃ প্রতিটি গোল লাইনের মধ্যবিন্দু থেকে ৭ মি. দূরত্বে গোললাইন-এর সমান্তরাল ১ মি. লম্বা একটি লাইন টানতে হবে।

প্রঃ গোলপোস্টের মধ্যবর্তী গোললাইনটি কত মিটার মোটা হবে?

উঃ ৮ মিটার মোটা হবে।

প্রঃ হ্যাণ্ডবল খেলার সময়সীমা কত?

উঃ ৮ বৎসর বা তার উর্দ্ধবয়স্ক পুরুষ বা মহিলা খেলোয়াড়দের জন্য খেলার সময়সীমা ৩০ + ১০ + ৩০ = ৭০ মিনিট।

প্রঃ বিশ্রামের সময় কতটা?

উঃ ১০ মিনিট।

প্রঃ এই খেলা কখন শেষ হবে?

উঃ কোর্ট রেফারী যখন খেলা শেষের বাঁশির সংকেত দেবেন তখন খেলা শেষ হবে।

প্রঃ খেলার কোন্ সময় উভয় দল দিক (side) পরিবর্তন করবে?

উঃ খেলার দ্বিতীয়ার্ধে।

প্রঃ কে খেলা শুরু বা শেষের নির্দেশ দেবে?

উঃ রেফারি তার বাঁশির শব্দে এই নির্দেশ দেবে।

প্রঃ খেলার ঘড়ি বন্ধ বা চালান হবে কার নির্দেশে?

উঃ রেফারির।

প্রঃ রেফারি কোন্ সংকেতের দ্বারা ঘড়ি বন্ধের নির্দেশ দেবেন?

উঃ রেফারি বাঁশির তিনটি ছোট সংকেত ও হাতের "T" সংকেতে দ্বারা ঘড়ি বন্ধের নির্দেশ দেবেন।

আইন-৩ : খেলার বল

প্রঃ হ্যাণ্ডবলের বলটি কি রকম হবে?

উঃ বলটি হবে গোলাকার। চামড়া বা কৃত্রিম ধাতুর তৈরী। বলটির বাইরের অংশ চকচকে বা পিচ্ছিল হবে না।

প্রঃ খেলা আরম্ভের সময় পুরুষদের জন্য বলের পরিধি কিরকম হবে?

উঃ ৫৮-৬০ সে.মি. এবং ওজন ৪২৫-৪৭৫ গ্রাম হবে।

প্রঃ মহিলাদের জন্য বলের মাপ ও ওজন কত হবে?

উঃ বলের পরিধি ৫৪-৫৬ সেন্টিমিটার এবং ওজন ৩২৫-৪০০ গ্রাম হবে।

প্রঃ প্রতি খেলায় ক'টি খেলার বল থাকবে?

উঃ প্রতি খেলায় দু'টি খেলার বল থাকবে।

প্রঃ আন্তর্জাতিক মান-সম্পন্ন খেলায় শুধুমাত্র কোন্ বল ব্যবহার করতে হবে?

উঃ শুধুমাত্র (IHF) চিহ্নিত বল ব্যবহার করতে হবে।

আইন-৪ : খেলোয়াড়

প্রঃ প্রতি দলের সর্বমোট কত জন খেলোয়াড় থাকবে?

উঃ ১২ জন।

প্রঃ বদলি বেঞ্চে কে কে থাকতে পারবে?

উঃ বদলি খেলোয়াড়বৃন্দ ও দলের ৪ জন কর্মকর্তা ছাড়া অন্য কেউই বদলি বেঞ্চে থাকতে পারবে না।

প্রঃ খেলা আরম্ভ হওয়ার সময় কমপক্ষে কতজন খেলোয়াড় অবশ্যই মাঠে থাকতে হবে?

উঃ ৫ জন খেলোয়াড়।

প্রঃ খেলোয়াড়ের নম্বর কত পর্যন্ত হবে?

উঃ ১ হতে ২০ পর্যন্ত।

প্রঃ খেলোয়াড়ের পিছনের নম্বর কত উচ্চতায় থাকবে?

উঃ কমপক্ষে ২০ সে.মি.।

প্রঃ দলের অধিনায়ককে চেনবার জন্য কি চিহ্ন দেওয়া হয়?

উঃ বাহুতে ৪ সে.মি. প্রশস্ত বাজুবন্ধ পরবে।

গোলসীমা

প্রঃ গোল-সীমায় একমাত্র কে প্রবেশ করতে পারবে?

উঃ গোলরক্ষক।

প্রঃ কখন গোল-সীমায় প্রবেশ করেছে বলে ধরা হবে?

উঃ যদি কোন্ মাঠ-খেলোয়াড় শরীরের যে কোন অঙ্গ দ্বারা গোললাইন স্পর্শ করে ; তবে সে গোলসীমায় প্রবেশ করেছে বলে ধরা হবে।

প্রঃ গোল-থ্রো কখন হয়?

উঃ যদি কোন্ খেলোয়াড় বলসহ গোলসীমায় প্রবেশ করে।

প্রঃ ফ্রি-থ্রো কখন হয়?

উঃ যদি কোন খেলোয়াড় বল ছাড়া গোল-সীমায় প্রবেশ করে কোন সুযোগ লাভের চেষ্টা করে।

প্রঃ পেনাল্টি থ্রো কখন হয়?

উঃ যদি কোন্ রক্ষণাভাগের খেলোয়াড় গোল-সীমায় প্রবেশ করে বলসহ কোন্ আক্রমণকারী খেলোয়াড়কে বাধা প্রধান করে।

প্রঃ গোল-সীমা থেকে বলটি মাঠে ফিরে এলে খেলাটি কি চলবে?

উঃ হ্যাঁ। চলবে।

কিভাবে খেলতে হবে

প্রঃ বৈধ খেলায় কয় সেকেণ্ড পর্যন্ত বলটি হাতে বা মাটিতে ধরা যায়?

উঃ তিন সেকেণ্ড।

প্রঃ বৈধ খেলায় বলটি নিয়ে কয় সেকেণ্ড হাঁটা যায়?
উঃ তিন কদম হাঁটা যায়।
প্রঃ কখন এক কদম নেওয়া হয়েছে বলে ধরা হবে?
উঃ যখন একজন খেলোয়াড় এক পায়ের উপর দাঁড়ান অবস্থায় বলটি ধরে ও অন্য পা মাটিতে স্থাপন করে।
প্রঃ একজন খেলোয়াড় অবৈধভাবে খেলছেনা, এটা কিভাবে ধরা যায়?
উঃ যদি বলটি অন্য কোন খেলোয়াড় বা মাঠে বা গোলপোস্ট স্পর্শ করার পূর্বে একাধিকবার খেলে। বলটি ধরতে অসমর্থ হয়ে বারবার ধরার চেষ্টা করা অবৈধ নয়।
প্রঃ শাস্তি কয় প্রকার ও কি কি?
উঃ চারপ্রকার—(১) হুঁশিয়ার, (২) সাময়িক বহিষ্কার, (৩) অযোগ্য খেলোয়াড়, (৪) চূড়ান্ত বহিষ্কার।
প্রঃ একটি হুঁশিয়ার কখন দেওয়া হয়?
উঃ প্রতিপক্ষ খেলোয়াড়দের প্রতি অবৈধ আচরণ করলে।
প্রঃ দলের কোন্ খেলোয়াড় বা কর্মকর্তাকে হুঁশিয়ার করার জন্য রেফারি কি করবেন?
উঃ তাকে হলুদ কার্ড দেখাবেন।
প্রঃ রেফারি একজন খেলোয়াড়কে এবং একটি দলকে কতবার হুঁশিয়ার করবেন?
উঃ একজন খেলোয়াড়কে মাত্র একবার ও একটি দলকে সর্বমোট তিনবার হুঁশিয়ার করবেন।
প্রঃ কোন্ খেলোয়াড়কে কয় মিনিট সাময়িক বহিষ্কার করা যায়?
উঃ ২ মিনিট।
প্রঃ কোন খেলোয়াড়কে কখন অযোগ্য ঘোষণা করা হয়?
উঃ প্রতিপক্ষ খেলোয়াড়ের প্রতি মারাত্মক আচরণে করলে।
প্রঃ চূড়ান্ত বহিষ্কার কখন করা হয়?
উঃ যখন কেউ খেলার মাঠে বা রেফারি বা অন্য কোন খেলোয়াড়কে প্রহার করে বা করার উপক্রম করে।
প্রঃ রেফারি চূড়ান্ত বহিষ্কারের সংকেত কিভাবে দেখান?
উঃ দুই হাত মুখের সামনে আড়াআড়ি রেখে খেলোয়াড়, কর্মকর্তা, স্কোরারকে পরিষ্কারভাবে দেখাবেন এবং তখন, খেলা খেলার ঘড়ি বন্ধ থাকবে।
প্রঃ প্রতি খেলায় কয়জন রেফারি থাকবেন?
উঃ প্রতি খেলায় একই ক্ষমতা সম্পন্ন দুইজন রেফারি থাকবেন। তাদেরকে সহযোগিতা করবেন একজন সময়রক্ষক ও একজন স্কোরার।
প্রঃ কোর্ট রেফারি কখন বাঁশির সংকেত দেন?
উঃ আইনসঙ্গত যে কোন্ সাধারণ থ্রো নেওয়ার সময় ও টাইম আউট দেওয়ার সময়।

প্রঃ গোল লাইন রেফারি কখন বাঁশির সংকেত দেবেন?
উঃ যদি কোন্ গোল করা হয়।
প্রঃ রেফারিরা কোন্ রঙের পোষাক পরবেন?
উঃ কালো পোশাক রেফারিদ্বয়ের জন্য নির্ধারিত থাকবে।

বাস্কেটবল

প্রঃ বাস্কেট বলের জন্ম কোথায়?
উঃ মার্কিন যুক্তরাষ্ট্রে।
প্রঃ কত সালে বাস্কেট বলের জন্ম হয়?
উঃ ১৮৯৩ সালে।
প্রঃ কত সালে ভারতে বাস্কেট বলের প্রচলন হয়?
উঃ ১৯০৫ সালে।
প্রঃ বাংলায় বাস্কেটবলের প্রসার ঘটান কে?
উঃ সি.এস.প্যাটার্সন।
প্রঃ এই খেলা কোথায় জনপ্রিয়তায় ভরে ওঠে?
উঃ স্কুল, কলেজ, ক্লাবে।
প্রঃ কতজন খেলোয়াড় নিয়ে বাস্কেট বল খেলা হয়?
উঃ প্রতি দলে ৫ জন খেলোয়াড় নিয়ে দুই দলের মধ্যে হয়।
প্রঃ এই খেলায় কিভাবে পয়েন্ট সংগ্রহ করা হয়?
উঃ প্রতিপক্ষের বাস্কেটের মধ্যে বল ঢুকিয়ে।
প্রঃ বাস্কেটবলের কোর্টের আয়তন কেমন হবে?
উঃ আয়তাকার।
প্রঃ এই কোর্টের দৈর্ঘ্য এবং প্রস্থ কত হবে?
উঃ দৈর্ঘ্য হবে ২৮ মিটার এবং প্রস্থ ১৫ মিটার।
প্রঃ ইনডোর কোর্টের ছাদের উচ্চতা কত হবে?
উঃ কমপক্ষে ৭ মিটার।
প্রঃ সীমানা থেকে কোর্টের বাইরে কমপক্ষে কত মিটার জায়গা খালি থাকবে?
উঃ ৩ মিটার।
প্রঃ কোর্টের দুই পাশের লম্বা লাইন দু'টিকে কি বলা হয়?
উঃ সাইড লাইন বলা হয়।
প্রঃ কোর্টের দুই পাশের ছোট লাইন দু'টিকে কি বলা হয়?
উঃ এণ্ড লাইন বা প্রান্তরেখা।
প্রঃ কোর্টের প্রতিটি লাইন কত মিটার চওড়া হবে?
উঃ ৫ সেণ্টিমিটার।
প্রঃ কোর্টের সেণ্টারে যে বৃত্তটি থাকবে তার ব্যাসার্ধ কত হবে?
উঃ ১৮ মিটার।

প্রঃ ব্যাকবোর্ডের কাঠটি কতটা পুরু হবে?
উঃ ৩ সেন্টিমিটার।
প্রঃ বাস্কেটের ভিতরের ব্যাস কত হবে?
উঃ ৪৫ সেন্টিমিটার।
প্রঃ রিংটি ব্যাকবোর্ডের সঙ্গে কত মিটার উঁচুতে আটকানো থাকবে?
উঃ ৩.০৫ মিটার।
প্রঃ রিংয়ের সবচেয়ে কাছের ভিতরের দিকটা ব্যাকবোর্ড থেকে কতটা দূরে হবে?
উঃ ১৫ সেন্টিমিটার।
প্রঃ বলটির পরিধি কত হবে?
উঃ ৭৫ সেন্টিমিটারের বা ৭৮ সেন্টিমিটারের বেশি হবে না।
প্রঃ বলটির ওজন কত হবে?
উঃ ৬০০ থেকে ৬৫০ গ্রাম।
প্রঃ স্কোরারের কাছে কত থেকে কত পর্যন্ত নম্বর থাকবে?
উঃ ১ থেকে ১৫ পর্যন্ত।
প্রঃ ১ থেকে ৪ নম্বর কি রঙের হবে?
উঃ সাদা কালো।
প্রঃ ৫ নম্বর কি রং হবে?
উঃ লাল।
প্রঃ এর আকার কত হবে?
উঃ ২০ সেন্টিমিটার।
প্রঃ প্রত্যেক দলে কত জন খেলোয়াড় থাকবে?
উঃ ১০ জন।
প্রঃ প্রত্যেক খেলায় কত জন করে অংশগ্রহণ করবে?
উঃ ৫ জন করে।
প্রঃ অধিনায়ক কে হবেন?
উঃ ১০ জনের মধ্যে একজন।
প্রঃ কোন্ দলকে যদি ৫টির বেশি ম্যাচ খেলতে হয়, তবে সেই দলে কত জন খেলোয়াড় থাকতে পারবে?
উঃ ১২ জন।
প্রঃ নম্বরের রং ও সার্ট-এর রং কি এক হবে?
উঃ না, ভিন্ন হবে।
প্রঃ খেলোয়াড়েরা কত থেকে কত পর্যন্ত নম্বর ব্যবহার করতে পারবে?
উঃ ১ থেকে ১৫ পর্যন্ত।
প্রঃ অধিনায়কের দায়িত্ব কি?
উঃ তার দায়িত্ব হচ্ছে দলকে নিয়ন্ত্রণে রাখা।

জিমন্যাস্টিক্‌স

প্রঃ কত সালে আন্তর্জাতিক জিমন্যাস্টিক্‌স ফেডারেশন গঠিত হয়?

উঃ ১৮৮১ সালে।

প্রঃ বৃটিশ এ্যামেচার জিমন্যাস্টিক্‌স এ্যাসোসিয়েশন কত সালে গঠিত হয়?

উঃ ১৮৮৮ সালে।

প্রঃ জিমন্যাস্টিককে কয় শ্রেণীতে ভাগ করা যায়?

উঃ তিন শ্রেণীতে—(১) মৌলিক, (২) ক্রীড়া, (৩) সাহায্যকারী জিমন্যাস্টিক্‌স।

প্রঃ মৌলিক জিমন্যাস্টিকস্‌ কাকে বলে?

উঃ প্রতিদিন কোন এক সময়ে নিয়মিতভাবে কোন বিশেষ পদ্ধতিতে সহজ কিছু মুক্তহস্তে ব্যায়ামের কর্মসূচি যা ব্যক্তির সর্বাঙ্গীণ যোগ্যতা আনতে পারে।

প্রঃ জিমন্যাস্টিকের উদ্দেশ্য কি?

উঃ মাংসপেশীর শিথিলতার মাধ্যমে শারীরিক ও মানসিক স্বচ্ছন্দ আনা।

প্রঃ মৌলিক জিমন্যাস্টিকের সময় কখন?

উঃ খুব সকালে অন্য কোন কর্মকাণ্ড শুরু করার পূর্বে, এই ব্যায়াম করা হয়।

প্রঃ মৌলিক ব্যায়ামের স্থায়িত্ব কত সময়?

উঃ ২৫-৩০ মিনিট।

প্রঃ ক্রীড়া জিমন্যাস্টিক কি?

উঃ ক্রীড়া জিমন্যাস্টিক একটি প্রতিযোগিতামূলক ক্রীড়া।

প্রঃ ক্রীড়া জিমন্যাস্টিকস-এ কি কি ধরণের প্রতিযোগিতা হয়?

উঃ অলিম্পিক বিশ্ব চ্যাম্পিয়ানশিপ, আন্তঃমহাদেশীয়, আঞ্চলিক ও জাতীয় প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

প্রঃ ব্যায়ামের ধরন অনুযায়ী ক্রীড়া জিমন্যাস্টিকস্‌কে কয় ভাগে ভাগ করা যায়?

উঃ ৪ ভাগে—(১) শৈল্পিক, (২) আধুনিক ছন্দময়, (৩) ক্রীড়া এ্যাক্রোবেটিকস, (৪) ট্রাম্পোলিনিং।

প্রঃ আর্টিস্টিক জিমন্যাস্টিকসকে আর কি বলা হয়?

উঃ ভারী বা সরঞ্জাম জিমন্যাস্টিকসও বলা হয়।

প্রঃ পুরুষ আর্টিস্টিকসের কয়টি সরঞ্জাম ও কি কি?

উঃ ৬টি সরঞ্জাম—ফ্লোর, হরাইজন্টাল বার, হর্সভোল্ট, রিংস, প্যারালাল বারস, ও পসেল হর্স।

প্রঃ মহিলা আর্টিস্টিকালের কয়টি সরঞ্জাম ও কি কি?

উঃ ৪টি সরঞ্জাম। ফ্লোর, আইনভেন বারস, হর্স ভোল্ট ও ব্যালেন্স বীম।

প্রঃ অ্যাটিস্টিকাসের কয় ধরনের প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়?

উঃ তিন ধরনের—(১) দলগত, (২) ব্যক্তিগত, (৩) ব্যক্তিগত সরঞ্জাম ফাইনাল।

প্রঃ দলগত চ্যাম্পিয়নশিপে কি ধরনের প্রতিযোগিতা হয়?
উঃ এতে আবশ্যিক ও ঐচ্ছিক ব্যায়ামের প্রতিযোগিতা হয়।
প্রঃ চ্যাম্পিয়ন দল কিভাবে নির্ধারণ করা হয়?
উঃ ৬ জনের প্রতিটি দল থেকে সর্বোচ্চ পয়েন্ট প্রাপ্ত ৪ জনের সর্বমোট স্কোর যোগ দিয়ে চ্যাম্পিয়ন দল নির্ধারণ করা হয়।
প্রঃ আধুনিক ছন্দময় জিমন্যাস্টিকসকে আব কি বলা হয়?
উঃ এটাকে সঙ্গীত যুক্ত নৃত্যলীলা বলা হয়।
প্রঃ আধুনিক ছন্দময় জিমন্যাসটিকস কি ভাবে প্রদর্শন করা হয়?
উঃ এতে সঙ্গীতের তালে বিভিন্ন ধরনের ক্যালিসথানিক ব্যায়াম যেমন স্টেপস, জ্যোম্পস, পি ভোটস, বডি ফ্রাকসন ইত্যাদি ১২ x ১২ মিটাব ফ্লোর এক্সাসাইজ ম্যাটের উপর প্রদর্শন করা হয়।
প্রঃ এই ব্যায়ামে কি কি সরঞ্জাম ব্যবহার কবা হয়?
উঃ ফিতা, দড়ি, লুপ, বল ও ক্লুবস।
প্রঃ কত সালে অলিম্পিক গেমসে রিদমিক অন্তর্ভুক্ত করা হয়?
উঃ ১৯৪৮ সালে।
প্রঃ রোপ-এর মাপ কত?
উঃ দৈর্ঘ্য ৬ মিঃ এবং প্রস্থ ৪-৬ সে.মি. এবং হাতল ১ মি. দৈর্ঘ্য।
প্রঃ লুপ-এর মাপ কত?
উঃ ব্যাস ৮০-৯০ সে.মি.।
প্রঃ এ্যাক্রোবেটিকস ক্রীড়া প্রতিযোগিতা কত সালে রাশিয়াতে আসে?
উঃ ১৯৩৯ সালে।
প্রঃ প্রথম আন্তর্জাতিক স্পোর্টস এ্যাক্রোবেটিকস প্রতিযোগিতা কত সালে অনুষ্ঠিত হয়?
উঃ ১৯৫৭ সালে।
প্রঃ আন্তর্জাতিক ফেডারেশন অব স্পোর্টস এ্যাক্রোবেটিকস্ কত সালে কোথায় সংগঠিত হয়?
উঃ ১৯৭৩ সালে মস্কোতে।
প্রঃ পুরুষ ও মহিলা বিভাগে মোট কয়টি ইভেন্টের ক্রীড়া এ্যাক্রোবেটিকস প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়?
উঃ ৭টি।
প্রঃ ট্রাম্পোলিনিং কি?
উঃ ট্রাম্পোলিনিং হচ্ছে এ্যাক্রোবেটিকস্ নির্ভর প্রতিযোগিতামুলক ক্রীড়া বা ট্রাম্পোলিনিং-এর উপর লাফিয়ে শূন্যে উঠে এই ব্যায়ামের সিরিজ করা।
প্রঃ ব্যবহারের ক্ষেত্রে ও উদ্দেশ্যের দিক থেকে সাহায্যকারী জিমন্যাস্টিকসকে কয় ভাগে ভাগ করা যায়?
উঃ তিন ভাগে—(১) শিল্প শ্রমিকদের জন্য, (২) প্রতিকার সাধক, (৩) অন্যান্য ক্রীড়ায় জিমন্যাস্টিকস।

প্রঃ আবশ্যক ব্যায়ামকে কয় ভাগে ভাগ করা যায়?

উঃ দুইভাগে ভাগ করা যায়।

প্রঃ ফ্লোর এক্সাসাইজের এরিয়া কতটা?

উঃ দৈর্ঘ্য ও প্রস্থ ১২০০ সে.মি. x ১২০০ সে.মি. (+) ৩ সে.মি.।

প্রঃ আনইভেন বারস-এর দৈর্ঘ্য ও আনুভূমিক রেখা কত?

উঃ ২৮০ সে.মি. (+ –) ১ সে.মি. ৪.১ সে.মি. (+ –) ১ সে.মি.।

প্রঃ বারদ্বয়ের মধ্যকার দূরত্ব কত?

উঃ ৯০ সে.মি. ন্যূনতম, ১৪০ সে.মি. সর্বোচ্চ।

প্রঃ গড় নম্বর বের করার নিয়ম কি?

উঃ উদাহরণস্বরূপ ৪ জন বিচারকের দেওয়া নম্বর থেকে সর্বোচ্চ ও সর্ব্বনিম্ন নম্বর বাদ দিয়ে মধ্যম দুটি নম্বর যোগ দিয়ে ২ ভাগ করে গড় নম্বর করা হয়।

প্রঃ মহিলা ইভেন্টের নামগুলি কি কি?

প্রঃ থিওরি অব ওয়ার-এর লেখক কি?
উঃ জন ব্রাডি।
প্রঃ থ্রি সিস্টার্স-এর লেখক কে?
উঃ আন্তন চেকভ।
প্রঃ দুর্গেশনন্দিনী-এর লেখক কে?
উঃ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়।

প্রঃ নিশ্চয়-এর লেখক কে?
উঃ উমাশঙ্কর যোশী।
প্রঃ নাইনটিন এইটিফোর-এর লেখক কে?
উঃ জর্জ অরওয়েল।
প্রঃ নেভার অ্যাট হোম-এর লেখক কে?
উঃ ডম মরিস।
প্রঃ পথের পাঁচালী ও অপরাজিতা-এর লেখক কে?
উঃ বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়।
প্রঃ পিটারপ্যান-এর লেখক কে?
উঃ জে. এম. ব্যারি।
প্রঃ প্রিজন ডায়েরি-এর লেখক কে?
উঃ জয় প্রকাশ নারায়ণ।
প্রঃ প্রিন্স-এর লেখক কে?
উঃ নিকালো ম্যাথামেটিক।
প্রঃ ফর্টিনাইন ডেজ-এর লেখক কে?
উঃ অমৃত প্রীতম।
প্রঃ ফ্যামিলি ইউনিয়ান, দ্যা-এর লেখক কে?
উঃ টি এস এলিয়ট।
প্রঃ ফেয়ারওয়েল টু আর্মস-এর লেখক কে?
উঃ আর্নেস্ট হেমিংওয়ে।
প্রঃ বিলাডেড-এর লেখক কে?
উঃ উনি মরিয়ন।
প্রঃ ভিডিও নাইটস ইন কাঠমাণ্ডু-এর লেখক কে?
উঃ মল বেলো।
প্রঃ মধুশালা-এর রচয়িতা কে?
উঃ হরবন্‌স রাই বচন।
প্রঃ ম্যাকবেথ-এর লেখক কে?
উঃ উইলিয়ম শেক্সপীয়ার।
প্রঃ ম্যাজিক মাউন্টেন-এর লেখক কে?
উঃ টমাস মান।
প্রঃ মেজদিদি-এর লেখক কে?
উঃ শরৎচন্দ্র চট্টোপাধ্যায়।
প্রঃ রেড স্টার ওভার চায়না-এর লেখক কে?
উঃ এডগার স্নো।
প্রঃ লজ্জার লেখক কে?
উঃ তসলিমা নাসরিন।
প্রঃ লাভ স্টোরির লেখক কে?
উঃ এরিক সিগাল।

প্রঃ শেপ অফ থিংকু ট কাম-এর লেখক কে?
উঃ এইচ জি ওয়েলস।
প্রঃ সানিডেজ-এর লেখক কে?
উঃ সুনীল গাভাসকার।
প্রঃ স্যাংচুয়ারী-এর লেখক কে?
উঃ উইলিয়াম ফকনার।
প্রঃ সান সাইন এ্যাণ্ড শ্যাডোজ-এর লেখক কে?
উঃ ভিক্টর হুগো।
প্রঃ সাবিত্রী-এর লেখক কে?
উঃ শ্রীঅরবিন্দ।
প্রঃ সেভেন সামারস-এর লেখক কে?
উঃ মুলক রাজ আনন্দ।
প্রঃ সোস্যাল কণ্ট্র্যাক্ট দ্য-এর রচয়িতা কে?
উঃ জাঁ জাক-রুশো।
প্রঃ স্কলার জিফি, দ্য-এর লেখক কে?
উঃ ম্যাথিউ আর্নল্ড।
প্রঃ স্কলার একস্ট্রা অর্ডিনারী-এর লেখক কে?
উঃ নীরদ সি চৌধুরী।
প্রঃ স্কোপ অব হ্যাপিনেস, দ্যা-এর লেখক কে?
উঃ বিজয়লক্ষী পণ্ডিত।
প্রঃ স্পিরিট অব দ্যি এজ দ্য-এর লেখক কে?
উঃ উইলিয়াম হ্যাজলিট।
প্রঃ হ্যামলেট-এর লেখক কে?
উঃ উইলিয়ম শেক্সপিয়ার।
প্রঃ হাউস ডিভাইভেড-এর লেখক কে?
উঃ পাল এস বাক।
প্রঃ হাসরোল্ড গিফ্ট, দ্য-এর লেখক কে?
উঃ সল বেলো।
প্রঃ হারজগ-এর লেখক কে?
উঃ মলবোলো।
প্রঃ হিউম্যান ফ্যাক্টর-এর লেখক কে?
উঃ গ্রেম গ্রিন।
প্রঃ হিন্দুইজম্-এর লেখক কে?
উঃ নীরদ সি চৌধুরী।
প্রঃ হেরিটেজ-এর লেখক কে?
উঃ অ্যান্টান ওয়েস্ট।
প্রঃ হিমালয়ান ব্লাণ্ডার-এর লেখক কে?
উঃ বিগ্রেডিয়ার জে পি দালভি।

গুপ্তহত্যা

প্রঃ আমেরিকার রাষ্ট্রপতি উইলিয়াম ম্যাককিনলেকে কে হত্যা করেন?

উঃ লিয়ঁ কলরোজ।

প্রঃ রাশিয়ার জাজক রানপুটিনকে কোথায় হত্যা করা হয়?

উঃ রাশিয়ায়।

প্রঃ আন্তন জে কত সালে কে, হত্যা করেন?

উঃ ১৯৩৩ সালে জিউসেপ্পো জঙ্গীরা।

প্রঃ এঞ্জেলবার্ট ডলকাস কে ছিলেন?

উঃ অস্ট্রিয়ার চ্যান্সেলার।

প্রঃ আমেরিকার সেনেটরকে কে হত্যা করেন?

উঃ ডঃ কার্ল অস্টিন উইস।

প্রঃ মহাত্মা গান্ধীকে কত সালে কে হত্যা করেন?

উঃ ১৯৪৮ সালে নাথুরাম গর্ডসে।

প্রঃ জর্ডনের রাজা ইবন-ইয়েন আবদুল্লাকে কত সালে কোথায় হত্যা করা হয়?

উঃ ১৯৫১ সালে জেরুজালেমে প্যালেস্তিনীয় যুবক হত্যা করে।

প্রঃ নিকারাগুয়ার রাষ্ট্রপতিকে কত সালে কোথায় হত্যা করা হয়?

উঃ ১৯৫৫ সালে পানামাখাল অঞ্চলে রিগোবার্তো লোপেজ পেরেজ হত্যা করে।

প্রঃ কঙ্গোর প্রাক্তন রাষ্ট্রপ্রধান প্যাট্রিক লুমুম্বাকে কোথায় হত্যা করা হয়?

উঃ কাতাঙ্গা প্রদেশে।

প্রঃ ডোমিনিকান প্রজাতন্ত্রের স্বৈরশাসক 'রাকায়েল মসিনা ট্রুজিলো-কে কত সালে কোথায় হত্যা করা হয়?

উঃ ১৯৬১ সালে মিটদাদ ট্রুজিলোর কাছে হত্যা করা হয়।

প্রঃ আমেরিকার মিলিড রাইটস্-এর নেতা কে ছিলেন?

উঃ মেওগার এভার্ম।

প্রঃ দক্ষিণে ভিয়েতনামের রাষ্ট্রপতি দিয়েন দিন নগুয়েকে কত সালে কোথায় হত্যা করা হয়?

উঃ ১৯৬৩ সালে। মায়পানে হত্যা করা হয়।

প্রঃ আমেরিকার রাষ্ট্রপতি জন. এফ. কেনেডিকে কোথায় কে হত্যা করেন?

উঃ লি হারডে অসওয়ার্ল্ড নামে এক ব্যক্তি ডালাস, টেক্সাসে হত্যা করেন।

প্রঃ আমেরিকার গণ আন্দোলনের নেতা কে?

উঃ ম্যালকম এক্স।

প্রঃ আমেরিকার গণ আন্দোলনের নেতা জুনিয়ার কিং মার্টিন লুথারকে কত সালে কে হত্যা করে?

উঃ ১৯৬৮ সালে জেমস আনরে হত্যা করে।

প্রঃ আমেরিকার সেনেটর ও রাষ্ট্রপতি পদপ্রার্থী রবার্ট এফ কেনেডিকে কে হত্যা করে।

প্রঃ আরব থেকে আগত এক ব্যক্তি সিরহান।

প্রঃ সৌদি আরবের রাজা কয়জলকে কে হত্যা করে?

উঃ তার ভাইপো যুবরাজ কয়জল ইবন মুসাদ।

প্রঃ ব্রিটিশ রাজ পরিবারের সদস্য লুই মাউন্ট ব্যাটেন কে কোথায় কে হত্যা করেন?

উঃ ১৯৭৯ সালে আইরিশ রিপাবলিকান আমির সদস্য।

প্রঃ নিকারাগুয়ার প্রাক্তন রাষ্ট্রপতি সামোজো দেবায়েল অ্যানাতাসিও কোথায় কত সালে মারা যান?

উঃ ১৯৮০ সালে আসুনমিয়ন যুদ্ধক্ষেত্রে প্রাণ হারান।

প্রঃ মিশরের রাষ্ট্রপতি আনোয়ার এল সাদারকে কোথায় কে হত্যা করে?

উঃ মুসলমান মৌলবাদীরা কায়রোতে হত্যা করেন।

প্রঃ লেবাননের রাষ্ট্রপতি গেমায়েল বশীর কে কত সালে কে হত্যা করে?

উঃ ১৯৮২ সালে বেইরুটে এক অজ্ঞাত পরিচয় ব্যক্তি।

প্রঃ ফিলিপিন্সের বিরোধি নেতা এম বেনিগনো অ্যাকুইনোকে কত সালে কোথায় হত্যা করা হয়?

উঃ ১৯৮৩ সালে ম্যাইনলায় রোল্যার্ণ্ডো গালম্যান নামক এক বিরোধী নেতা।

প্রঃ ভারতের প্রধানমন্ত্রী ইন্দিরাগান্ধীকে কত সালে কে হত্যা করে?

উঃ ১৯৮৪ সালে তার দুজন শিখ দেহরক্ষী।

প্রঃ সুইডেনের প্রধানমন্ত্রী ওলকপান কে কোথায় হত্যা করা হয়?

উঃ স্টকহোমে।

প্রঃ লেবাননের রাষ্ট্রপতি রেনেসৌয়াজ কে কতসালে কোথায় হত্যা করা হয়?

উঃ ১৯৮৯ সালে বেইরুট নামক জায়গায়।

প্রঃ ভারতের প্রধানমন্ত্রী রাজীব গান্ধীকে কোথায় হত্যা করা হয়?

উঃ শ্রীরামপেরামপুদুরে প্রেমদাসা নামে একব্যক্তি।

প্রঃ শ্রীলঙ্কার রাষ্ট্রপতি রণসিংঘেকে কোথায়, কত সালে, কোথায় হত্যা করে?

উঃ ১৯৯৩ সালে, কলম্বোয় আত্মঘাতী বোমায় মারা যান।

প্রঃ ইজরায়েলের প্রধানমন্ত্রী রাইবন ইঝাক-কে কোথায় হত্যা করা হয়?

উঃ ১৯৯৫ সালে, ইগান আমির নামক এক ব্যক্তি তেল আভিভে হত্যা করে।

বৈজ্ঞানিক শব্দটিকা

প্রঃ অ্যাকারোলজি কি?

উঃ অ্যাকারোলজি (Acarology) : এঁটেল পোকা এবং মানুষ ও গোমহিষাদি প্রাণীর খোস প্যাঁচড়া সৃষ্টিকারী পরজীবি বিষয়ক জীববিদ্যা।

প্রঃ অ্যাফাউসটিক্স বলতে কি বোঝায়?

উঃ .অ্যাফাউসটিক্স (Acoustics) : শব্দ বিষয়ক চর্চা অথবা শব্দবিজ্ঞান।

প্রঃ অ্যাক্রোব্যাটিকা বলতে কি বোঝায়?

উঃ অ্যাক্রোব্যাটিক্স (Acrobatics) : নমনীয় শরীর দ্বারা নানা ধরণের ক্রীড়া।

প্রঃ এক্রোডায়নামিক্স দ্বারা কি বোঝানো হয়?

উঃ এক্রোডায়নামিক্স (Acrodynamics) : (১) বলবিদ্যার যে শাখা বায়ু এবং অন্যান্য গ্যাসের গতির সঙ্গে যুক্ত। (২) বায়ু মাধ্যমে বিমান, মিসাইল, প্রভৃতি কঠিন বস্তুর গতি এবং নিয়ন্ত্রণ বিষয়ক চর্চা।

প্রঃ এরোনেটিক্স কাকে বলে?

উঃ এরোনেটিক্স (Aeronautics) : উড্ডয়ন বিজ্ঞান অথবা উড্ডয়ন বিষয়ক ব্যবহারিক বিদ্যা।

প্রঃ এরোস্ট্যাটিক্সের আলোচ্য বিষয় কি?

উঃ এরোস্ট্যাটিক্স (Aerostatics) : স্থির বিদ্যার যে শাখায় সাম্যাবস্থার গ্যাস এবং তাদের মধ্যস্থিত গ্যাস এবং বস্তু, আলোচিত হয়।

প্রঃ এসথেটিক্স কি?

উঃ এসথেটিক্স (Aesthetics) : চারুকলা বিষয়ক দর্শন।

প্রঃ ঈটিওলজি কি বিষয়ক বিজ্ঞান?

উঃ ঈটিওলজি (Aetiology) : কার্যকারণ বিষয়ক বিজ্ঞান।

প্রঃ অ্যাগ্রোবায়োলজি কি জাতীয় বিজ্ঞান?

উঃ অ্যাগ্রোবায়োলজি (Agrobiology) : উদ্ভিদ প্রাণ এবং উদ্ভিদের পুষ্টি সংক্রান্ত বিজ্ঞান।

প্রঃ অ্যাগ্রোনমিক্স কি?

উঃ অ্যাগ্রোনমিক্স (Agronomics) : কৃষি ক্ষেত্র এবং শস্য বিষয়ক বিজ্ঞান।

প্রঃ অ্যাগ্রোনমি কাকে বলে?

উঃ অ্যাগ্রোনমি (Agronomy) : মৃত্তিকা এবং শস্য ক্ষেত্রে ফসল উৎপাদন বিষয়ক বিজ্ঞান।

প্রঃ অ্যাগ্রোস্টোলজি কি?

উঃ অ্যাগ্রোস্টোলজি (Agrostology) : তৃণ গবেষণা।

প্রঃ প্রাচীন কালের রসায়নবিদ্যাকে কি বলে?

উঃ অ্যালকেমি (Alchemy) : প্রাচীনকালের রসায়নবিদ্যা।

প্রঃ অ্যানাটোমির আলোচ্য বিষয় কি?

উঃ অ্যানাটোমি (Anatomy) : প্রাণী উদ্ভিদ অথবা মনুষ্যদেহের গঠন সংক্রান্ত বিজ্ঞান, দৈহিক গঠনতন্ত্র।

প্রঃ বায়ু বিষয়ক বিজ্ঞানের নাম কি?

উঃ অ্যানেমোলোজি (Anemology) : বায়ু বিষয়ক বিজ্ঞান।

প্রঃ অ্যানজিওলজি কাকে বলে?

উঃ অ্যানজিওলজি (Angiology) : রক্ত ও লসিকানালী বিষয়ক বিজ্ঞান।

প্রঃ অ্যানথ্রোপলজির আলোচ্য বিষয় কি?

উঃ অ্যানথ্রোপোলজি (Anthropology) : মানুষের উৎপত্তি, দৈহিক এবং সাংস্কৃতিক বিকাশ সম্পর্কিত বিজ্ঞান।

প্রঃ আরবোরিকালচারে কোন কোন চাষের কথা বলা হয়েছে?

উঃ আরবোরিকালচার (Arboriculture) : গাছ এবং শাকসব্জির চাষ।

প্রঃ আর্কিওলজি কাকে বলে?

উঃ আর্কিওলজি (Archqeology) : প্রাচীন নির্দশনাদির উপর গবেষণাশাস্ত্র।

প্রঃ অ্যাসট্রোলজি কাকে বলে?

উঃ অ্যাসট্রোলজি (Astrology) : গ্রহ নক্ষত্রাদির অবস্থান এবং গতিবিধির উপর ভিত্তি করে যে শাস্ত্র মানুষের ভাগ্য বিচার করে। বাংলায় : জ্যোতিষশাস্ত্র।

প্রঃ অ্যাসট্রোনটিক্স কি জাতীয় বিজ্ঞান?

উঃ অ্যাসট্রোনটিক্স (Astronautics) : মহাকাশ ভ্রমণ বিষয়ক বিজ্ঞান।

প্রঃ অ্যাসট্রোনমি কাকে বলে?

উঃ অ্যাসট্রোনমি (Astronomy) : নক্ষত্র এবং নাক্ষত্রিক বস্তু নিয়ে চর্চা। সংক্ষেপে জ্যোতির্বিদ্যা।

প্রঃ অ্যাসট্রোফিজিক্স কাকে বলে?

উঃ অ্যাসট্রোফিজিক্স (Astrophysics) : জ্যোতির্বিদ্যার যে শাখায় নক্ষত্র এবং নক্ষত্র জগতের বিভিন্ন বস্তু নিয়ে চর্চা করা হয়। সংক্ষেপে জ্যোতি পদার্থবিদ্যা।

প্রঃ ব্যাকটেরিওলজির আলোচ্য বিষয় কি?

উঃ ব্যাকটেরিওলজি (Bacteriology) যে শাস্ত্রে ব্যাকটেরিয়া নিয়ে চর্চা করা হয়।

প্রঃ বায়োকেমিস্ট্রি কি জাতীয় বিজ্ঞান?

উঃ বায়োকেমিস্ট্রি (Biochemistry) : জীবদেহে রাসায়নিক প্রক্রিয়া সংক্রান্ত বিজ্ঞান।

প্রঃ বায়োমেট্রি কি?

উঃ বায়োমেট্রি (Biometry) : জীবজগতের চর্চায় গণিতের প্রয়োগে সংক্ষেপে জীবমিতি।

প্রঃ বায়োনিক্স-এ কি আলোচনা করা হয়েছে?

উঃ বায়োনিক্স (Bionics) : জীবজগতের ক্রিয়াকলাপ, বৈশিষ্ট্য ও ঘটনাবলী নিয়ে চর্চা এবং সেই পর্যবেক্ষণলব্ধ জ্ঞানের যন্ত্র জগতে প্রয়োগ।

প্রঃ বায়োনমিক্সকে কি বিজ্ঞান বলা হয়?

উঃ বায়োনমিক্স (Bionomics) : জীব এবং পরিবেশের পারস্পরিক সম্পর্ক নিয়ে চর্চা। জীবপরিবেশ বিজ্ঞান।

প্রঃ বায়োনমি কাকে বলে?

উঃ বায়োনমি (Bionomy) : জীবনের বিধিসম্পর্কিত বিজ্ঞান। সংক্ষেপে জীবনবিধি বিদ্যা।

প্রঃ বায়োফিজিক্স কাকে বলে?
উঃ বায়োফিজিক্স (Biophysics) : প্রাণী এবং উদ্ভিদের গুরুত্বপূর্ণ পদ্ধতি সম্পর্কিত পদার্থবিদ্যা। জীবপদার্থ বিদ্যা।
প্রঃ বোটানি কি জাতীয় বিদ্যা?
উঃ বোটানি (Botany) : উদ্ভিদ বিষয়ক চর্চা বা উদ্ভিদ বিদ্যা।
প্রঃ ক্যালিসথেনিক্সের বিষয় বস্তু কি?
উঃ ক্যালিসথেনিক্স (Calisthenics) : বল এবং দেহ সৌষ্ঠব বৃদ্ধির প্রয়োজনে নিয়মিত বিভিন্ন ধরণের ব্যায়াম। সংক্ষেপে শরীর চর্চা।
প্রঃ কার্ডিওলজি কাকে বলে?
উঃ কার্ডিওলজি (Cardiology) : হৃদপিণ্ডের ক্রিয়াকলাপ ও অসুস্থতা বিষয়ক বিজ্ঞান।
প্রঃ কার্পোলজি কি জাতীয় বিজ্ঞান?
উঃ কার্পোলজি (Carpology) : ফল ও বীজ বিষয়ক বিজ্ঞান।
প্রঃ কার্টোগ্রাফি কি জাতীয় বিজ্ঞান?
উঃ কার্টোগ্রাফি (Cartography) : মানচিত্র প্রস্তুত বিষয়ক বিজ্ঞান।
প্রঃ সেরামিক্স কি?
উঃ সেরামিক্স (Ceramics) : মৃৎবস্তু তৈরীর কলা এবং প্রযুক্তি (মৃণ্ময়পত্রাদি)।
প্রঃ সিটোলজি কি?
উঃ সিটোলজি (Cetology) : জলচর স্তন্যপায়ী, বিশেষত আমি সংক্রান্ত বিজ্ঞান।
প্রঃ কেমিস্ট্রি কাকে বলে?
উঃ কেমিস্ট্রি (Chemistry) : মৌলিক পদার্থ এবং তাদের যৌগ তৈরীর সূত্রাবলী এবং আচরণ বিযয়ক বিদ্যা।
প্রঃ কেমোথেরাপি কি?
উঃ কেমোথেরাপি (Chemotherapy) : রাসায়নিক বস্তুর দ্বারা রোগচিকিৎসা।
প্রঃ কোরোগ্রাফি বলতে কি বোঝায়?
উঃ কোরোগ্রাফ (Chorography) : ভৌগলিক অঞ্চল সম্পর্কিত বিজ্ঞান ; উদ্ভিদ ও প্রাণীর অবস্থিতি।
প্রঃ ক্রোনোলজি বলতে কি বোঝায়?
উঃ ক্রোনোলজি (Chronology) : যুগ অনুযায়ী সময়ের বিন্যাসকরণ এবং অতীত ঘটনাবলীর তারিখ নির্ধারণ এবং সেইমত ঐতিহাসিক পর্যায়ক্রম নির্ণয়।
প্রঃ কনকোলজির আলোচ্য বিষয় কি?
উঃ কনকোলজি (Conchology) : "শম্বুক জাতীয় প্রাণী এবং তাদের খোলা বিষয়ক প্রাণীবিদ্যা।
প্রঃ কসমোগনি কি জাতীয় বিজ্ঞান?
উঃ কসমোগনি (Cosmogony) : নক্ষত্র এবং ব্রহ্মাণ্ডের তাবৎ বস্তুর প্রকৃতি বিষয়ক বিজ্ঞান।

প্রঃ কসমোগ্রাফি কাকে বলে?

উঃ কসমোগ্রাফি (Cosmography) : ব্রহ্মাণ্ডের প্রধান প্রধান বৈশিষ্ট্যের বর্ণনা এবং মানচিত্র তৈরী বিষয়ক বিজ্ঞান।

প্রঃ কসমোলজি বলতে কি বোঝায়?

উঃ কসমোলজি (Cosmology) : ব্রহ্মাণ্ডের প্রকৃতি, সৃষ্টি এবং ইতিহাস বিষয়ক বিজ্ঞান।

প্রঃ ক্রাইনোলজি কি সংক্রান্ত বিজ্ঞান?

উঃ ক্রাইনোলজি (Crainology) : মাথার খুলি সংক্রান্ত বিজ্ঞান।

প্রঃ ক্রিমিনোলজি কি বিষয়ক গবেষণা?

উঃ ক্রিমিনোলজি (Criminology) : অপবাধ এবং অপরাধ বিষয়ক গবেষণা।

প্রঃ ক্রিপটোগ্র্যাফি কি বিষয়ক গবেষণা?

উঃ ক্রি-পটোগ্র্যাফি (Cryptography) : বিভিন্ন সংকেত এবং গুপ্ত লিখন বিষয়ে গবেষণা।

প্রঃ ক্রিস্ট্যালোগ্র্যাফি কাকে বলে?

উঃ ক্রি-স্ট্যালোগ্র্যাফি (Crystallography) : কেলাসের গঠন, আকৃতি এবং ধর্ম বিষয়ে গবেষণা।

প্রঃ ক্রাইওজেনিক্স বলতে কি বোঝায়?

উঃ ক্রাইওজেনিক্স (Crygenics) : অতিনিম্ন তাপমাত্রা সৃষ্টি এবং তার নিয়ন্ত্রণ এবং প্রয়োগবিষয়ক বিজ্ঞান।

প্রঃ সাইটোকেমিস্ট্রি কি সংক্রান্ত শাখা?

উঃ সাইটোকেমিস্ট্রি (Cytochemistry) : জীবকোষ বিজ্ঞানের কোষ রসায়ন সংক্রান্ত শাখা।

প্রঃ সাইটোজেনেটিক্স কাকে বলে?

উঃ সাইটোজেনেটিক্স (Cytogenetics) : জীববিজ্ঞানের যে শাখায় কোষবিদ্যা এবং জেনেটিক্স অর্থাৎ প্রজনন বিদ্যার পরিপ্রেক্ষিতে বংশগতি চর্চা করা হয়।

প্রঃ সাইটোলজির আলোচ্য বিষয়ক কি?

উঃ সাইটোলজি (Cytology) : কোষ বিষয়ক চর্চা, বিশেষ করে তাদের সৃজন, গঠন এবং কাজকর্ম সম্পর্কে।

প্রঃ ড্যাকটাইলোগ্র্যাফি কি বিষয়ক বিজ্ঞান?

উঃ ড্যাকটাইলোগ্র্যাফি (Dactylography) র সনাক্তকরণের ব্যাপারে আঙুলের পরীক্ষা বিষয়ক বিজ্ঞান।

প্রঃ ড্যাকটাইলিওলজি বলতে কি বোঝায়?

উঃ ড্যাকটাইলিওলজি (Dactyliology) র আঙুলের সংকেতে বার্তা বিনিময় পদ্ধতি। সাধারণত বধিরদের ক্ষেত্রে পদ্ধতিটি কাজে লাগানো হয়ে থাকে।

প্রঃ ইকলজির আলোচ্য বিষয় কি?

উঃ ইকলজি (Ecology) : প্রাণী এবং উদ্ভিদের সঙ্গে তাদের চেতন ও অচেতন পরিবেশের সম্পর্কজনিত বিজ্ঞান।

প্রঃ ইকোনমেট্রিক্স কাকে বলে?

উঃ ইকোনমেট্রিক্স (Econometrics) : অর্থনৈতিক তত্ত্বাবলীর যথার্থতা নির্ণয়ে গণিতের প্রয়োগ।

প্রঃ ইকনমিক্স-এর বিষয়বস্তু কি?

উঃ ইকনমিক্স (Economics) : পণ্য দ্রব্যের উৎপাদন, বন্টন ও ব্যবহারের এবং কর্মসংস্থান বিষয়ক বিজ্ঞান।

প্রঃ এমব্রায়োলজি কাকে বলে?

উঃ এমব্রায়োলজি (Embryology) : ভ্রূণের বৃদ্ধিসংক্রান্ত বিজ্ঞান সংক্ষেপে ভ্রূণবিদ্যা।

প্রঃ এনটমোলজি কি বিষয়ক বিজ্ঞান?

উঃ এনমোলজি (Entomology)-র কীটপতঙ্গ বিষয়ক বিজ্ঞান।

প্রঃ এপিডোমিওলজি কি?

উঃ এপিডেমিওলজি (Epidemiology)-র চিকিৎসাবিদ্যার যে শাখায় সংক্রামক রোগের চর্চা করা হয়।

প্রঃ এপিগ্র্যাফি কাকে বলে?

উঃ এপিগ্র্যাফি (Epigraphy) : অন্তর্লেখ অর্থাৎ খোদাই করা লেখা এবং চিত্র বিষয়ক অনুসন্ধান বা গবেষণা।

প্রঃ এথনোগ্র্যাফি থেকে কি বর্ণনা পাওয়া যায়?

উঃ এথনোগ্র্যাফি (Ethnography) : অ্যানথ্রপোলজির অর্থাৎ মানববিজ্ঞানের যে শাখায় মানব সংস্কৃতির বৈজ্ঞানিক বর্ণনা পাওয়া যায়।

প্রঃ এথিক্স কি সংক্রান্ত গবেষণা?

উঃ এথিক্স (Ethics) : নীতি সমূহের মনোবিদ্যা সংক্রান্ত গবেষণা।

প্রঃ এথনোলজি কি?

উঃ এথনোলজি (Ethnology) : মানুষের বিভিন্ন প্রজাতির উৎপত্তি ও তাদের বৈশিষ্ট্য সমূহের গবেষণা। এটি অ্যানথপোলজির একটি শাখা।

প্রঃ ইথোলজি কি সংক্রান্ত বিজ্ঞান?

উঃ ইথোলজি (Ethology) : প্রাণীর আচরণ সংক্রান্ত বিজ্ঞান।

প্রঃ এটিমোলজিও কি আলোচনা করা হয়?

উঃ এটিমোলজি (Etymology) : যে শাস্ত্রে শব্দের ইতিহাস এবং ব্যুৎপত্তি নিয়ে আলোচনা করা হয়।

প্রঃ ইউজেনিক্স বলতে কি বোঝায়?

উঃ ইউজেনিক্স (Eugenics) : পিতামাতার উপযুক্ত নির্বাচনের মাধ্যমে উন্নত ধরনের বংশধর উৎপাদন।

প্রঃ জিনেলজি কি বিষয়ক চর্চা?

উঃ জিনেলজি (Geneology) : পরিবারের পূর্বপুরুষ এবং ইতিহাস বিষয়ক চর্চা।

প্রঃ জিনেকোলজির আলোচ্য বিষয় কি?

উঃ জিনেকোলজি : স্বাভাবিক আবাসের পরিপ্রেক্ষিতে উদ্ভিদগোষ্ঠীর প্রজননগত গঠন সংক্রান্ত চর্চা।

প্রঃ জেনেসিওলজি কাকে বলে?

উঃ জেনেসিওলজি (Genesiology) : বংশ বিজ্ঞান।

প্রঃ জেনেটিক্স বলতে কি বোঝায়?

উঃ জেনেটিক্স (Genetics) : জীববিজ্ঞানের বংশগতি এবং বংশগতি সম্পর্কিত সূত্রাবলী সম্পর্কিত শাখা।

প্রঃ জিওবায়োলজি কি বিষয়ক বিজ্ঞান?

উঃ জিওবায়োলজি (Geobiology) : স্থলজ জীব বিষয়ক জীববিদ্যা।

প্রঃ জিওবট্যানিতে কি আলোচিত হয়?

উঃ জিওবট্যানি (Geobotany) : উদ্ভিদবিদ্যার যে শাখায় উদ্ভিদ এবং ভূ-পৃষ্ঠের তাবৎ পারস্পরিক সম্পর্ক আলোচিত হয়।

প্রঃ জিওকেমিস্টি কি সংক্রান্ত বিজ্ঞান?

উঃ জিওকেমিস্ট্রি (Geochemistry) : ভূ-স্তরের রাসায়নিক গঠন এবং তজ্জনিত পরিবর্তন সংক্রান্ত বিজ্ঞান।

প্রঃ জিওগ্র্যাফির আলোচ্য বিষয় কি?

উঃ জিওগ্র্যাফি (Geography) : পৃথিবীর পৃষ্ঠদেশ, ভৌতিক আকৃতি, আবহাওয়া, মনুষ্য এবং মনুষ্যেতর প্রাণী ও উদ্ভিদের ব্যাপ্তি বিষয়ক বিজ্ঞান।

প্রঃ জিওলজি বলতে কি বোঝায়?

উঃ জিওলজি (Geology) : পৃথিবীর ভৌতিক ইতিহাস সম্পর্কিত বিজ্ঞান।

প্রঃ জিওমেডিসিন কাকে বলে?

উঃ জিওমেডিসিন (Geomedicine) : চিকিৎসা-বিজ্ঞানের যে শাখায় স্বাস্থ্যের ব্যাপারে আবহওয়া এবং পরিবেশ সংক্রান্ত ঘটনাবলী আলোচিত হয়।

প্রঃ জিওমরফলজির আলোচ্য বিষয় কি?

উঃ জিওমরফলজি (Geomorphology) : বিভিন্ন ধরনের স্থলভাগের দরিদ্র সৃষ্টি এবং গঠন বিষয়ক বিজ্ঞান।

প্রঃ জিওফিজিক্স কি জাতীয় বিদ্যা?

উঃ জিওফিজিক্স (Geophysics) : ভূ-পদার্থবিদ্যা।

প্রঃ জেরন্টোলজি কাকে বলে?

উঃ জেরন্টোলজি (Gerontology) : বার্ধক্য, বার্ধক্যজনিত ক্রিয়াকলাপ এবং রোগ প্রভৃতি বিষয়ক বিজ্ঞান।

প্রঃ গ্লোটোক্রনোলজি কি সংক্রান্ত গবেষণা?

উঃ গ্লোটোক্রনোলজি (Glottochronology) : ভাষার ইতিহাস সংক্রান্ত গবেষণা।

প্রঃ হেমাটোলজি কি?

উঃ হেমাটোলজি ((Haematology) : রক্ত সংক্রান্ত পর্যবেক্ষণ।

প্রঃ সূর্য চিকিৎসাকে কি বলা হয়?
উঃ হেলিওথেরাপি (Hilciotherapy) : সূর্য চিকিৎসা।
প্রঃ কোষকলা বিষয়ক চর্চাকে কি বলে?
উঃ হিসটোলজি (Histology) : কোষকলা বিষয়ক চর্চা।
প্রঃ হরটিকালচার কাকে বলে?
উঃ হরটিকালচার (Horticulture) : ফুল, ফল, শাক সবজি এবং শোভাময় বা অলঙ্করণ উদ্ভিদের চাষবাস।
প্রঃ হাইড্রোডাইনামিক্স বলতে কি বোঝায়?
উঃ হাইড্রোডাইনামিক্স (Hydrodynamics) : প্রবাহমান তরলের বল, শক্তি, এবং চাপের ব্যাপারে গাণিতিক চর্চা।
প্রঃ হাইড্রোগ্র্যাফি কাকে বলে?
উঃ হাইড্রোগ্র্যাফি (Hydrography) : পৃথিবীর জলের পরিমাপ বিষয়ক বিজ্ঞান, বিশেষ করে নৌ-চালনার ক্ষেত্রে তার ব্যবহার।
প্রঃ হাইড্রোলজি বলতে কি বোঝায়?
উঃ হাইড্রোলজি (Hydrology) : জল বলয় এবং আবহাওয়া মণ্ডলে জলের উপস্থিতি এবং ধর্মাবলী নিয়ে বিজ্ঞানের যে শাখায় আলোচনা হয়।
প্রঃ হাইড্রোমেটালর্জি কাকে বলে?
উঃ হাইড্রোমেটালর্জি (Hydrometallurgy) : সাধারণত তাপমাত্রায় তরলের সাহায্যে আকরিক থেকে ধাতু নিষ্কাষণ।
প্রঃ জলচিকিৎসাকে কি বলা হয়?
উঃ হাইড্রোপ্যাথি (Hydropathy) : জল প্রয়োগ করে চিকিৎসা, জল চিকিৎসা।
প্রঃ হাইড্রোপনিক্স কি?
উঃ হাইড্রোপনিক্স (Hydroponics) : মাটির পরিবর্তে শুধুমাত্র পুষ্টি মিশ্রিত দ্রবণে শিকড় রেখে উদ্ভিদের চাষ।
প্রঃ হাইড্রোস্ট্যাটিক্সকে কি বিদ্যা বলা হয়?
উঃ হাইড্রোস্ট্যাটিক্স (Hydrostatics) : তরলের বল এবং চাপ বিষয়ে গাণিতিক চর্চা, উদস্থিতিবিদ্যা।
প্রঃ হাইজিন কি সম্পর্কিত বিজ্ঞান?
উঃ হাইজিন (Hygiene) : স্বাস্থ্য এবং স্বাস্থ্য রক্ষা সম্পর্কিত বিজ্ঞান, স্বাস্থ্যবিজ্ঞান।
প্রঃ ঘুম সম্পর্কিত গবেষণাকে কি বলে?
উঃ হিপনোলজি (Hyphology) : ঘুম সম্পর্কিত গবেষণা।
প্রঃ মাছ সম্পর্কিত গবেষণাকে কি বলে?
উঃ ইখথিয়োলজি (Ichthyology) : মাছ সম্পর্কিত গবেষণা।
প্রঃ ইকনোগ্র্যাফি কি?
উঃ ইকনোগ্র্যাফি (Iconography) : ছবি এবং মডেল বিষয়ক শিক্ষা।

প্রঃ ইকনোলজি কি সংক্রান্ত বিদ্যা?

উঃ ইকনোলজি (Iconology) : প্রতীক সংক্রান্ত বিদ্যা।

প্রঃ আইন বিজ্ঞানকে কি বলে?

উঃ জুরিসপ্রুডেন্স (Jurisprudence) : আইনবিজ্ঞান।

প্রঃ লেক্সিকোগ্রাফি কি বিষয়ক চর্চা?

উঃ লেক্সিকোগ্রাফি (Lexicography) : লেখা অথবা অভিধানেব সংকলন বিষয়ক চর্চা।

প্রঃ লিমনোলজি কি?

উঃ লিমনোলজি (Limnology): স্বাদু জলে উপস্থিত জীব সম্পর্কিত পর্যবেক্ষণ।

প্রঃ লিথোলজি কাকে বলে?

উঃ লিথোলজি (Lithology) : পাথরের বৈশিষ্ট্য নির্ণায়ক পর্যবেক্ষণ।

প্রঃ ম্যামোগ্র্যাফি বলতে কি বোঝায়?

উঃ ম্যামোগ্র্যাফি (Mammography): স্তনগ্রন্থির এক্স-রে চিত্রকর বা এক্স-রেব সাহায্যে ছবি তোলা।

প্রঃ মেটালোগ্র্যাফি কাকে বলে?

উঃ মেটালোগ্র্যাফি (Metallography): ধাতু এবং কেলাস সংক্রান্ত বিজ্ঞান।

প্রঃ মেটালার্জি কি?

উঃ মেটালার্জি (Metallurgy): আকরিক থেকে ধাতু নিষ্কাশনের পদ্ধতি।

প্রঃ মেটিওরোলজি কি বিষয়ক বিজ্ঞান?

উঃ মেটিওরোলজি (Matcorology) : আবহাওয়ামণ্ডল এবং আবহাওয়া সংক্রান্ত ঘটনাবলী বিষয়ক বিজ্ঞান।

প্রঃ মেট্রোলজি বলতে কি বোঝায়?

উঃ মেট্রোলজি (Metrology) : ওজন এবং পরিমাপ সংক্রান্ত বৈজ্ঞানিক অনুসন্ধান।

প্রঃ মাইক্রোবায়োলজি কি বিষয়ক বিজ্ঞান?

উঃ মাইক্রোবায়োলজি (Microbiology) ব্যাকটেরিয়া আদ্যপ্রাণীসহ জীবন্ত অণুজীব বিষয়ক বিজ্ঞান।

প্রঃ মালিক্যুলোর বায়োলজি কাকে বলে?

উঃ মালিক্যুলার বায়োলজি (Molecularbiology) : জীববিদ্যা সংক্রান্ত গুরুত্বপূর্ণ অণুর গঠন বিষয়ক বিজ্ঞান অণুজীববিদ্যা।

প্রঃ মরফোলজি কি বিষয়ক বিদ্যা?

উঃ মরফোলজি (Morphology) : জৈবিক আকৃতি এবং গঠন বিষয়ক বিদ্যা।

প্রঃ মাইকোলজি কি বিষয়ক বিদ্যা?

উঃ মাইকোলজি ((Mycology) : ছত্রাক এবং ছত্রাকজনিত রোগ বিষয়ক বিদ্যা।

প্রঃ নিউরোলজি কি?

উঃ নিউরোলজি (Neurology) : স্নায়ুতন্ত্র, স্নায়ুতন্ত্রের ক্রিয়াকলাপ এবং তার বৈকল্যজনিত রোগ বিষয়ক বিজ্ঞান।

প্রঃ নিউরোপ্যাথোলজি কাকে বলে?

উঃ নিউরোপ্যাথোলজি (Neuropathology) : স্নায়ুবিক রোগ বিষয়ক চিকিৎসা বিজ্ঞান।

প্রঃ নিউমেরোলজি বলতে কি বোঝায়?

উঃ নিউমেরোলজি (Numerology) : সংখ্যাচর্চা। কারোর জন্ম তারিখ এবং সালের উপর ভিত্তি করে ভবিষ্যৎ জীবনের উপর তাদের প্রভাব জানার ব্যাপারে চর্চা।

প্রঃ মুদ্রা এবং পদক বিষয়ক বিজ্ঞানকে কি বলা হয়?

উঃ নিউমিসমেটিক্স (Numismatics) : মুদ্রা এবং পদক বিষয়ক বিজ্ঞান।

প্রঃ দন্তের বিবরণ কে কি বলে?

উঃ ওড়োনটোগ্রাফি (Orontography) : দন্তের বিবরণ।

প্রঃ ওডেনটোলজির কোন বিষয়ে বৈজ্ঞানিক?

উঃ ওডেনটোলজি (Odentology) : দন্ত বিষয়ে বৈজ্ঞানিক সন্ধান।

প্রঃ সুরা সম্পর্কিত গবেষণা কে কি বলে?

উঃ ওনোলজি (Oenology) : সুরা সম্পর্কিত গবেষণা।

প্রঃ টিউমার সংক্রান্ত গবেষণাকে কি বলে?

উঃ ওঙ্কোলজি (Oncology) : টিউমার সংক্রান্ত গবেষণা।

প্রঃ ওনেইরোলজি কাকে বলে?

উঃ ওনেইরোলজি (Oneirology) : স্বপ্ন সংক্রান্ত গবেষণা।

প্রঃ ওনটোলজি বলতে কি বোঝায়?

উঃ ওনটোলজি (Ontology) : অস্তিত্বের প্রকৃতি সম্পর্কে গবেষণা।

প্রঃ ডিম সম্পর্কিত গবেষণাকে কি বলে?

উঃ ওলজি (Oology) : ডিম সম্পর্কিত গবেষণা।

প্রঃ অপটিক্স কাকে বলে?

উঃ অপটিক্স (Optics) : আলোর প্রকৃতি এবং ধর্মবিষয়ক বিজ্ঞান।

প্রঃ অরনিথোলজির আলোচ্য বিষয় কি?

উঃ অরনিথোলজি (Ornithology) : পাখি সংক্রান্ত অনুসন্ধান বা চর্চা।

প্রঃ অর্থইপি কি সংক্রান্ত বিদ্যা?

উঃ অর্থইপি (Orthoepy) : বিশুদ্ধ উচ্চারণ সংক্রান্ত বিদ্যা।

প্রঃ অর্থপেডিকা কি বিষয়ক বিজ্ঞান?

উঃ অর্থপেডিক্স (Orthopaedics) : পেশী সংশ্লিষ্ট অস্থি সমূহে রোগ নির্ধারণ, এবং রোগ ও বৈকল্যের চিকিৎসা বিষয়ক বিজ্ঞান।

প্রঃ ওসটিওলজি বলতে কি বোঝায়?

উঃ ওসটিওলজি (Osteology) : অস্থিবিদ্যা। ওসটিওপ্যাথোলজি (Osteopathology) : অস্থির যে কোন রোগ।

প্রঃ ওস্‌টিওপ্যাথি কি সংক্রান্ত চিকিৎসা পদ্ধতি?
উঃ ওসটিওপ্যাথি (Osteopathy): অস্থির গঠন ত্রুটি এবং তার নিরাময় সংক্রান্ত চিকিৎসা পদ্ধতি।
প্রঃ প্যালিওবট্যানি কি বিষয়ক বিদ্যা?
উঃ প্যালিওবট্যানি (Palaeobotany) : উদ্ভিদের জীবাশ্ম বিষয়কবিদ্যা।
প্রঃ প্যালিনোলজি কাকে বলে?
উঃ প্যালিনোলজি (Palynology) : পরাগের জীবাশ্ম বিষয়ক চর্চা (পরাগ বিশ্লেষণ)।
প্রঃ প্যাথোলজি বলতে কি বোঝায়?
উঃ প্যাথোলজি (Pathology) : রোগবিদ্যা।
প্রঃ পেডাগগি কি?
উঃ পেডাগগি (Pedagogy) : শিক্ষাকলা অথবা পদ্ধতি।
প্রঃ মৃত্তিকা সংক্রান্ত গবেষণাকে কি বলে?
উঃ পেডোলজি (Pedology): মৃত্তিকা সংক্রান্ত গবেষণা।
প্রঃ পেনোলজি কাকে বলে?
উঃ পেনোলজি (Penology): অপরাধীদের কারাগার ও শোষণ পদ্ধতি সংক্রান্ত গবেষণা।
প্রঃ ফ্যারিনজোলজি কাকে বলে?
উঃ ফ্যারিনজোলজি (Pharyngology) : অন্ননালীর ঊর্ধাংশস্থি গহ্বর বা গলবিল এবং তার রোগ বিষয়ক বিদ্যা।
প্রঃ ফেনোলজি কি বিষয়ক চর্চা?
উঃ ফেনোলজি (Phenology): উদ্ভিদের পর্যাবৃত্তিক ঘটনাবলী সম্পর্কিত চর্চা।
প্রঃ ফিলাটেলি বলতে কি বোঝায়?
উঃ ফিলাটেলি (Philately) : ডাক টিকিট, রাজস্ব টিকিট (revenue stamp) প্রভৃতির সংগ্রহ এবং গবেষণা।
প্রঃ ফিলোলজি কাকে বলে?
উঃ ফিলোলজি (Philology) : লিখিত দলিল দস্তাবেজ এবং তাদের প্রামাণিকতা প্রভৃতি নিয়ে গবেষণা।
প্রঃ ফোনোটিক্স কি?
উঃ ফোনোটিক্স (Phonetics) : কণ্ঠস্বর, শব্দ এবং তার প্রযোজনা সম্প্রচার গ্রহণ ইত্যাদি বিষয়ক বিদ্যা।
প্রঃ ফোটোবায়োলজি কি?
উঃ ফোটোবায়োলজি (Photobiology) : জীববিদ্যার যে শাখায় জীবের উপর আলোর প্রতিক্রিয়া নিয়ে চর্চা বা আলোচনা করা হয়।
প্রঃ ফ্রেনোলজির আলোচ্য বিষয় কি?
উঃ ফ্রেনোলজি (Phrenology) : মাথার খুলির আকৃতি বিচার করে যে বিদ্যায় মনের প্রবণতা এবং উৎকর্ষ সম্পর্কে চর্চা করা হয়।

প্রঃ থাইসিওলজিতে কি চর্চা করা হয়?
উঃ থাইসিওলজি (Phthisiology) : যক্ষ্মার বিজ্ঞানসম্মত চর্চা।
প্রঃ শৈবালবিদ্যাকে কি বলা হয়?
উঃ ফাইকোলজি (Phycology) : শৈবালবিদ্যা।
প্রঃ ফিজিক্স কাকে বলে?
উঃ ফিজিক্স (Physics) : পদার্থের ধর্মাবলী বিষয়ক বিদ্যা।
প্রঃ ভৌত ভূ-বিদ্যাকে কি বলা হয়?
উঃ ফিজিওগ্র্যাফি (Physiography) : ভৌত ভূ-বিদ্যা।
উঃ ফিজিওলজি কি সংক্রান্ত বিদ্যা?
উঃ ফিজিওলজি (Physiology) : জীবন্তপ্রাণী এবং উদ্ভিদের বিভিন্ন অঙ্গের কাজকর্ম সংক্রান্ত বিদ্যা।
প্রঃ উদ্ভিদের সৃষ্টি এবং বৃদ্ধিকে কি বলে?
উঃ ফাইটোজেনি (Phytogeny) : উদ্ভিদের সৃষ্টি এবং বৃদ্ধি।
প্রঃ পমোলজি বলতে কি বোঝায়?
উঃ পমোলজি (Pomology) : ফল এবং ফলের চাষ বিষয়ক বিজ্ঞান।
প্রঃ সাইকোলজি কাকে বলে?
উঃ সাইকোলজি (Psychology) : মানুষ এবং প্রাণীর আচরণ বিষয়ক বিদ্যা।
প্রঃ রেডিওঅ্যাস্ট্রোনমি কাকে বলে?
উঃ রেডিওঅ্যাস্ট্রেনমি (Radio astronomy) : রেডিও জ্যোতির্বিদ্যা, যে বিদ্যায় নক্ষত্র ও নাক্ষত্রিক বস্তু থেকে আগত রেডিও কম্পাঙ্কের তড়িৎ চৌম্বক বিকিরণ ধরে এবং বিশ্লেষণ করে নক্ষত্র ও নাক্ষত্রিক সম্পর্কে নানারকম তথ্য জানা যায়।
প্রঃ রেডিও বায়োলজি কাকে বলে?
উঃ রেডিও বায়োলজি (Radio biology) : জীববিদ্যার যে শাখায় জীবন্ত জীবের উপর বিকিরণের প্রতিক্রিয়া সম্পর্কে চর্চা করা হয়।
প্রঃ রেডিওলজি কি বিষয়ক বিজ্ঞান?
উঃ রেজিওলজি (Radiology) : এক্স-রে এবং তেজস্ক্রিয়তা বিষয়ক বিজ্ঞান।
প্রঃ রিয়লজির আলোচ্য বিষয় কি?
উঃ রিয়লজি (Rheology) : বস্তুর আকৃতির বিকৃতি এবং প্রবাহ বিষয়ক বিদ্যা।
প্রঃ সিসমোলজি কি বিষয়ক বিজ্ঞান?
উঃ সিসমোলিজি (Seismology) : ভূ-কম্পন এবং ভূ-কম্পন.জনিত ঘটনাবলী বিষয়ক বিজ্ঞান।
প্রঃ সেলোনোলজি কাকে বলে?
উঃ সেলোনোলজি (Selenology) : চাঁদের প্রকৃতি, সৃষ্টি, গতি, প্রভৃতি বিষয়ে বৈজ্ঞানিক অনুসন্ধান।

প্রঃ সেরিকালচার কাকে বলে?

উঃ সেরিকালচার (Sericulture): রেশম উৎপাদনের জন্য রেশম পোকার চাষ।

প্রঃ সোসিওলজি কোন বিষয়ক চর্চা?

উঃ সোসিওলজি (Sociology) : মনুষ্য সমাজ বিষয়ক চর্চা।

প্রঃ স্পেকট্রোস্কোপি বলতে কি বোঝায়?

উঃ স্পেকট্রোস্কোপি (Spectroscopy) : স্পেকট্রোস্কোপের (বর্ণালী বীক্ষণ যন্ত্র) সাহায্যে বস্তু এবং শক্তির ব্যাপারে অনুসন্ধান।

প্রঃ টেলিওলজির আলোচ্য বিষয় কি?

উঃ টেলিওলজি (Teleology) : নকশার প্রামাণিক তথ্যাবলী অথবা প্রকৃতির প্রয়োজন বিষয়ক অনুসন্ধান।

প্রঃ টেলিপ্যাথি কাকে বলে?

উঃ টেলিপ্যাথি (Telepathy) : ইন্দ্রিয় সংবেদন ছাড়া অন্য কোন পদ্ধতিতে মনের সঙ্গে মনের সংযোগ।

প্রঃ থেরা পিউট্রিক্স কাকে বলে?

উঃ থেরাপিউটিক্স (Therapeutics) : রোগ নিরাময় বিষয়ক বিজ্ঞান এবং প্রকরণ।

প্রঃ টপোগ্র্যাফির আলোচ্য বিষয় কি?

উঃ টপোগ্র্যাফি (Topography) : অঞ্চলাংশ এবং অঞ্চল সম্পর্কে বিশেষ বিবরণ।

প্রঃ বিষবিদ্যাকে কি বলে?

উঃ টক্সিকোলজি (Toxicology) : বিষবিদ্যা।

প্রঃ ভাইরোলজি কি?

উঃ ভাইরোলজি (Virology) : ভাইরাস বিষয়ক বিজ্ঞান।

প্রঃ প্রাণীজীবন বিষয়ক বিজ্ঞানকে কি বলে?

উঃ জুলজি (Zoology) : প্রাণীজীবন বিষয়ক বিজ্ঞান।

বৈজ্ঞানিক যন্ত্রপাতি

প্রঃ অ্যাকটিনোমিটার দিয়ে কি করা হয়?

উঃ অ্যাকটিনোমিটার (Actinometer): রেডিয়েশন বা বিকিরণ পরিমাপ করার যন্ত্র।

প্রঃ অলটিমিটার কাকে বলে?

উঃ অলটিমিটার (Altimeter) : বায়ুশূন্য বাক্সের স্থিতিস্থাপক ঢাকনার উপরে বাতাসের ক্রিয়া বিচার করে বায়ুচাপ মাপে এমন এক ধরণের বিশেষ চাপমানযন্ত্র যার সাহায্যে উচ্চতা নির্ণয় করা হয়।

প্রঃ অ্যামমিটার কি?

উঃ অ্যামমিটার (Ammeter) : বৈদ্যুতিক প্রবাহের ক্ষমতা, নির্ণায়ক যন্ত্র।

প্রঃ অ্যানেমোমিটার কি?

উঃ অ্যানেমোমিটার (Anemometer): বাতাসের বেগ পরিমাপক এবং প্রবাহের দিক নির্দেশক যন্ত্র।

প্রঃ অডিওমিটার দিয়ে কি মাপা হয়?

উঃ অডিওমিটার (Audiometer): শ্রবণ ক্ষমতার পার্থক্য মাপার যন্ত্র।

প্রঃ বায়ুচাপ মাপার যন্ত্রকে কি বলে?

উঃ ব্যারোমিটার (Barometer): বায়ুচাপ মাপার যন্ত্র।

প্রঃ বাথোমিটার দিয়ে কি করা হয়?

উঃ বাথোমিটার (Bathometer): সমুদ্রের গভীরতা মাপার যন্ত্র।

প্রঃ বেকম্যান থার্মোমিটার কি পরিমাপক যন্ত্র?

উঃ বেকম্যান থার্মোমিটার (Beckman Thermometer): তাপমাত্রার সূক্ষ্ম পরিবর্তন পরিমাপক যন্ত্র।

প্রঃ বাইনোকুলারস দিয়ে কি করা হয়?

উঃ বাইনোকুলারস (Binoculars): উভয় চোখের সাহায্যে দূরের বস্তু প্রবর্ধিত ভাবে দেখার যন্ত্র।

প্রঃ ক্যালিপার্স, দিয়ে কি মাপা যায়?

উঃ ক্যালিপার্স (Callipers): টিউব, রড বা তারের ব্যাসার্ধ পরিমাপক যন্ত্র।

প্রঃ তাপ পরিমাপক যন্ত্রকে কি বলে?

উঃ ক্যালোরিমিটার (Calorimeter): তাপ পরিমাপক যন্ত্র।

প্রঃ সিএটি স্ক্যানার কি?

উঃ সিএটি স্ক্যানার (CAT Scanner): রঞ্জন রশ্মির সাহায্যে এই যন্ত্রটি শরীরের সমস্ত কলাপ ত্রিমাত্রিক ছবি তৈরী করে।

প্রঃ ক্রোনোমিটার দিয়ে কি নির্ণয় করা হয়?

উঃ ক্রোনোমিটার ((Chronometer): অত্যন্ত সূক্ষ্ম সময়জ্ঞাপক যন্ত্র। এগুলি ব্যবহৃত হয় সমুদ্রাঞ্চলে দ্রাঘিমা নির্ণয় করতে।

প্রঃ ক্লিনিক্যাল থার্মোমিটার দিয়ে কি করা হয়?

উঃ ক্লিনিক্যাল থার্মোমিটার (Clinical Thermometer): মানবদেহের তাপমাত্রা মাপার তাপমান যন্ত্র।

প্রঃ কোন পরিমাপক যন্ত্রের নাম কি?

উঃ ক্লাইনোমিটার (Clinometer): কোন পরিমাপক, যন্ত্র।

প্রঃ কলরিমিটার যন্ত্র কেন ব্যবহৃত হয়?

উঃ কলরিমিটার (Colorimeter): বর্ণের ঔজ্জ্বল্য তুলনামূলকভাবে নির্ণয় করতে এই যন্ত্র ব্যবহৃত হয়।

প্রঃ কমিউটেটর দিয়ে কি করা হয়?

উঃ কমিউটেটর (Commutator): বৈদ্যুতিক প্রবাহের পরিবর্তন অথবা বিপরীতকরণের যন্ত্র। ডায়নামোয় পরিবর্তী বিদ্যুৎপ্রবাহ একমুখী বিদ্যুৎ প্রবাহে পরিবর্তন করতেও ব্যবহৃত হয়।

প্রঃ কম্পিউটার কি?

উঃ কম্পিউটার (Computer) : পূর্বপ্রদত্ত তথ্যাবলীর উপর নির্ভর করে যে যন্ত্র তাৎক্ষণিকভাবে বিরাট এবং জটিল গণনায় সক্ষম।

প্রঃ ডায়নামো কি?

উঃ ডায়নামো (Dynamo) : যান্ত্রিক শক্তিকে বিদ্যুতিক শক্তিতে রূপান্তর করার যন্ত্র।

প্রঃ বিদ্যুৎশক্তি পরিমাপের যন্ত্রকে কি বলে?

উঃ ডায়নামোমিটার (Dynamometer) : বিদ্যুৎশক্তি পরিমাপের যন্ত্র।

প্রঃ ইলেকট্রোস্কোপ কি?

উঃ ইলেকট্রোস্কোপ (Electroscope) : যে যন্ত্রের সাহায্যে বিদ্যুৎ আধানের উপস্থিতি জানা যায়।

প্রঃ বিদ্যুৎপ্রবাহ মাপার যন্ত্রকে কি বলে?

উঃ গ্যালভানোমিটার (Galvanometer) : বিদ্যুৎ প্রবাহ মাপার যন্ত্র।

প্রঃ তরলের আপেক্ষিক ঘনত্ব মাপার যন্ত্রকে কি বলে?

উঃ হাইড্রোমিটার (Hydrometer) : তরলের আপেক্ষিক ঘনত্ব মাপার যন্ত্র।

প্রঃ হাইড্রোফোন দিয়ে কি করা হয়?

উঃ হাইড্রোফোন (Hydrophone) : জল মধ্যস্থিত শব্দ মাপার যন্ত্র।

প্রঃ হাইগ্রোমিটার কি?

উঃ হাইগ্রোমিটার (Hygrometer) : বাতাসের আপেক্ষিক আর্দ্রতা মাপার যন্ত্র।

প্রঃ আবহাওয়ার আর্দ্রতাজ্ঞাপক যন্ত্রকে কি বলা হয়?

উঃ হাইপসোমিটরা (Hypsometer) : আবহাওয়ার আর্দ্রতাজ্ঞাপক যন্ত্র।

প্রঃ ইন্টারফেরোমিটার দিয়ে কি করা হয়?

উঃ ইন্টারফেরোমিটার (Interferometer) : আলোর তরঙ্গ, দৈর্ঘ্য মাপার যন্ত্র।

প্রঃ ল্যাকটোমিটার দিয়ে কি করা হয়?

উঃ ল্যাকটোমিটার (Lactometer) : যে যন্ত্রের সাহায্যে দুধের আপেক্ষিক ঘনত্ব মাপা হয়।

প্রঃ ম্যাকমিটার কি?

উঃ ম্যাকমিটার (Machmeter) : শব্দের চেয়ে বেশি গতিবেগ পরিমাপক যন্ত্র।

প্রঃ ম্যাগনেটোমিটার, কেন ব্যবহৃত হয়?

উঃ ম্যাগনেটোমিটার (Magnetometer) : চৌম্বক মোমেণ্ট এবং ক্ষেত্র তুলনামূলকভাবে পরিমাপ করতে যে যন্ত্র ব্যবহৃত হয়।

প্রঃ ম্যানোমিটার কি?

উঃ ম্যানোমিটার (Manometer) : গ্যাসের চাপ মাপার যন্ত্র।

প্রঃ মেরিনারের কম্পাস কাকে বলে?

উঃ মেরিনারের কম্পাস (Mariner's Compass) : 'দিক' নির্ণয় যন্ত্র, এতে ৩২টি 'দিক' (direction) সূচিত থাকে। ডায়ালের উপর "N" চিহ্নিত বিন্দু নির্দেশ করে উত্তর মেরু, "S" চিহ্নিত বিন্দু দক্ষিণ মেরু।

প্রঃ মাইক্রোমিটার দ্বারা কি মাপা হয়?

উঃ মাইক্রোমিটার (Micrometer) : সূক্ষ্মভাবে দূরত্ব এবং কোণ পরিমাপের যন্ত্র।

প্রঃ মাইক্রোসকোপ দিয়ে কি করা হয়?

উঃ মাইক্রোসকোপ (Microscope) : অতি ক্ষুদ্র বস্তু বিবর্ধিতভাবে দেখানোর যন্ত্র।

প্রঃ পেরিস্কোপ কি?

উঃ পেরিস্কোপ (Periscope) : যে যন্ত্রের সাহায্যে দর্শকের চোখের তল থেকে ঊর্দ্ধে এবং আড়ালে অবস্থিত বস্তু দেখা যায়।

প্রঃ ফোটোমিটার কি কাজে ব্যবহৃত হয়?

উঃ ফোটোমিটার (Phtometer) : বিভিন্ন আলোর ঔজ্জ্বল্য তুলনামূলকভাবে মাপতে যে যন্ত্র ব্যবহৃত হয়।

প্রঃ পিজোমিটার কি?

উঃ পিজোমিটার (Piezometer) : উচ্চচাপ ও সংক্ষেপণ পরিমাপক যন্ত্র।

প্রঃ প্লেনিমিটার দ্বারা কি মাপা হয়?

উঃ প্লেনিমিটার (Planimeter) : সমতল ক্ষেত্রের ক্ষেত্রফল নির্ণায়ক যন্ত্র।

প্রঃ প্ল্যান্টিমিটার কি জন্য ব্যবহৃত হয়?

উঃ প্ল্যান্টিমিটার (Plantimeter) : যান্ত্রিক হিসেব যন্ত্র, যা সমতলের ক্ষেত্রফল নির্ণয়ে ব্যবহৃত হয়।

প্রঃ সৌরবিকিরণ পরিমাপের যন্ত্রকে কি বলে?

উঃ পিরহেলিয় মিটার (Pyrheliometer) : সৌরবিকিরণ পরিমাপের যন্ত্র।

প্রঃ পাইরোমিটারস কাকে বলে?

উঃ পাইরোমিটারস (Pyrometers) : উচ্চ তাপমাত্রা পরিমাপের যন্ত্র।

প্রঃ কোয়াড্র্যাণ্ট কি?

উঃ কোয়াড্র্যাণ্ট (Quadrant) : নৌ-চালনা এবং জ্যোতির্বিদ্যায় উচ্চতা এবং কোণ পরিমাপক যন্ত্র।

প্রঃ কোয়ার্টজ দিয়ে কি করা হয়?

উঃ কোয়ার্টজ ক্লক (Quartz Clock) : অত্যন্ত সূক্ষ্মভাবে সময় মাপার যন্ত্র।

প্রঃ রেডিও মাইক্রোমিটার দিয়ে কি মাপা হয়?

উঃ রেডিও মাইক্রোমিটার (Radio Mecrometer) : তাপ বিকিরণ মাপার যন্ত্র।

প্রঃ রেইনগজ্ দিয়ে কি করা হয়?

উঃ রেইনগজ (Rain Gauge) : যে যন্ত্রের সাহায্যে বৃষ্টিপাতের পরিমাণ নির্ণয় করা হয়।

প্রঃ রিফ্র্যাক্টোমিটার কি?

উঃ রিফ্র্যাক্টোমিটার (Refractometer) —প্রতিসরণাঙ্ক পরিমাপের যন্ত্র।

প্রঃ রেজিস্ট্যান্স থার্মোমিটার ব্যবহৃত হয় কেন?

উঃ রেজিস্ট্যান্স থার্মোমিটার (Resistance Thermometer) : বৈদ্যুতিক রোধ নির্ণয়ে ব্যবহৃত হয়।

প্রঃ স্যালাইনো মিটার যন্ত্র কিসে সাহায্য করে?

উঃ স্যালাইনোমিটার (Salinometer) : এক ধরণের হাইড্রোমিটার যা দ্রবণের ঘনত্ব মেপে দ্রবণে মিশ্রিত লবণের পরিমাণ নির্ণয় করতে সাহায্য করে।

প্রঃ সিসমোগ্র্যাফ দিয়ে কি মাপা হয়?

উঃ সিসমোগ্রাফ (Seismograph) : ভূ-কম্পনের উৎপত্তিস্থল এবং কম্পনের প্রাবল্য মাপার যন্ত্র।

প্রঃ সেক্সট্যান্ট কি?

উঃ সেক্সট্যান্ট (Sextant) : দুটি বস্তুর মধ্যস্থিত কৌণিক দূরত্ব মাপার যন্ত্র।

প্রঃ বর্ণালী বীক্ষণ যন্ত্রকে কি বলে?

উঃ স্পেকট্রোস্কোপ (Spectroscope) : যে যন্ত্রের দ্বারা বর্ণালী বিশ্লেষণ করা হয়। বর্ণালী বীক্ষণ যন্ত্র।

প্রঃ স্পেকট্রোমিটার, কি মাপতে সাহায্য করে?

উঃ স্পেকট্রোমিটার (Spectrometer) : এক ধরণের স্পেকট্রোস্কোপ যাতে এমনভাবে ক্রমাঙ্কণ করা হয়, যা নিখুঁতভাবে প্রতিসরণাঙ্ক মাপতে সাহায্য করে।

প্রঃ স্ফেরোমিটার দিয়ে কি মাপা হয়?

উঃ স্ফেরোমিটার (Spherometer) : যে যন্ত্রের সাহায্যে অত্যন্ত সূক্ষ্মভাবে গোলকের বক্রতা মাপা হয়।

প্রঃ রক্তচাপ মাপার যন্ত্রকে কি বলে?

উঃ স্পিগমোম্যানোমিটার (Spygmomanometer) : রক্তচাপ মাপার যন্ত্র।

প্রঃ স্প্রিং ব্যালান্স কেন ব্যবহৃত হয়?

উঃ স্প্রিং ব্যালান্স (Spring balance) : এক ধরণের ওজন মাপার যন্ত্র। দ্রুত এবং মোটামুটিভাবে ওজন নির্ণয় করতে যন্ত্রটি সাধারণত ব্যবহৃত হয়।

প্রঃ স্টেরিও স্কোপ কাকে বলে?

উঃ স্টেরিও স্কোপ (Stereoscope) : দ্বি-মাত্রিক ছবির গভীরতা এবং সম্বন্ধতা স্পষ্টভাবে দেখতে যে আলোকযন্ত্র সাহায্য করে।

প্রঃ স্টেথোস্কোপ দিয়ে কি করা হয়?

উঃ স্টেথোস্কোপ (Stethoscope) : চিকিৎসা যন্ত্র, হৃৎপিণ্ড এবং ফুসফুসের শব্দ শোনা এবং বিশ্লেষণ করা হয়।

প্রঃ স্ট্রোবোস্কোপ কিসে সাহায্য করে?

উঃ স্ট্রোবোস্কোপ (Stroboscope) : এই যন্ত্র পর্যাবৃত্তিক গতি সম্পন্ন দ্রুত ধাবমান বস্তুকে স্থির অবস্থায় দেখতে সাহায্য করে।

প্রঃ ট্যানজেন্ট গ্যালভ্যানোমিটার দিয়ে কি করা হয়?

উঃ ট্যানজেন্ট গ্যালভ্যানোমিটার (Tangent Galvanometer) : একমুখী বিদ্যুৎ প্রবাহের ক্ষমতা মাপার যন্ত্র।

প্রঃ টেলিমিটার কি?

উঃ টেলিমিটার (Telemeter) : দূরবর্তীস্থানে ঘটিত ভৌতিক ঘটনাবলী নথিকরণের যন্ত্র।

প্রঃ টেলিপ্রিন্টার কি জন্য ব্যবহৃত হয়?

উঃ টেলিপ্রিন্টার (Teleprinter) : টেলিগ্রাফিক বার্তা গ্রহণ, প্রেরণ ও অঙ্কনের স্বয়ংক্রিয় যন্ত্র।

প্রঃ টেলিস্কোপ কাকে বলে?

উঃ টেলিস্কোপ (Telescope) : এই যন্ত্রের সাহায্যে দূরবর্তী বস্তুকে বিবর্ধিত অবস্থায় দেখা যায়।

প্রঃ টেলিভিশন কি?

উঃ টেলিভিশন (Television): এই যন্ত্র দৃশ্যমান চলন্ত ছবি বেতার তরঙ্গের সাহায্যে সম্প্রচার করে।

প্রঃ তাপমাত্রা সম্পন্ন যন্ত্রকে কি বলে?

উঃ থার্মোমিটার (Thermometer) : তাপমাত্রা মাপন যন্ত্র।

প্রঃ থার্মোস্কোপ দ্বারা কি করা হয়?

উঃ থার্মোস্কোপ (Thermoscope) : এই যন্ত্র বস্তুর আয়তনের পরিবর্তন থেকে তাপমাত্রার পরিবর্তন (মোটামুটিভাবে) পরিমাপ করতে ব্যবহৃত হয়।

প্রঃ থার্মোস্ট্যাট দ্বারা কি করা হয়?

উঃ থার্মোস্ট্যাট (Thermostat) : নির্দিষ্ট তাপমাত্রা নিয়ন্ত্রণ স্বয়ংক্রিয় যন্ত্র।

প্রঃ ট্র্যানজিস্টার কি কাজ করে?

উঃ ট্র্যানজিস্টার (Transistor) : বিদ্যুৎ প্রবাহ প্রবর্ধিত সহ অন্যান্য কাজ করে।

প্রঃ ভার্নিয়ার দ্বারা কি মাপা হয়?

উঃ ভার্নিয়ার (Vernier) : নিয়ন্ত্রণ করা যায় এমন ধরণের স্কেল, পরিমাপককে সূক্ষ্ম ভগ্নাংশ মাপে নির্ণয় করে।

প্রঃ বস্তুর আঠাল চরিত্র মাপার যন্ত্রকে কি বলে?

উঃ ভিসকোমিটার (Viscometer) : বস্তুর আঠাল চরিত্র (viscosity) মাপার যন্ত্র।

প্রঃ ভোল্টমিটার কি?

উঃ ভোল্টমিটার (Voltmeter) : দুটি বিন্দুর মধ্যেকার তড়িৎ বিভব মাপার যন্ত্র।

ভারত ক্যুইজ

প্রঃ ভারতের পূর্বে ও পশ্চিমে কি কি দেশ আছে?
উঃ পূর্বে বাংলাদেশ, পশ্চিমে পাকিস্তান।
প্রঃ ভারতের কয়টি পর্বতমালা আছে?
উঃ সাতটি বড় বড় পর্বতমালা আছে।
প্রঃ বিশ্বের সর্বোচ্চ পর্বতমালা কোনটি?
উঃ হিমালয়।
প্রঃ বিশ্বের সবচেয়ে নবীন পর্বতমালা কোনটি?
উঃ হিমালয়।
প্রঃ হিমালয়ের এক প্রান্ত থেকে অন্য প্রান্ত কত বর্গ কিমি?
উঃ ২৫০০ কি.মি.। মোট ৫,০০,০০০ বর্গ কিমি. অঞ্চল জুড়ে এর বিস্তার।
প্রঃ ভারতের সর্বোচ্চ পর্বতশৃঙ্গ কোনটি?
উঃ এভারেস্ট।
প্রঃ হিমালয় পর্বতমালার জন্ম কিভাবে হয়?
উঃ প্রায় পাঁচ কোটি বছর আগে ভাসমান ভারতীয় ভূ-খণ্ড ও তিব্বত অঞ্চলের মধ্যে সংঘর্ষের ফলেই হিমালয় পর্বতমালার জন্ম।
প্রঃ পাটকাই পর্বতমালা কোন এলাকা জুড়ে প্রসারিত?
উঃ ভারত-বাংলাদেশ মায়ানমার সীমান্ত এলাকা জুড়ে প্রসারিত।
প্রঃ পূর্বাচল কোন্ পর্বতমালাকে বলা হয়?
উঃ পাটকাই ও তার আশেপাশের পর্বতমালাগুলিকে পূর্বাচল বলে।
প্রঃ বিশ্বের অন্যতম প্রাচীন পর্বতমালা কোন্‌টি?
উঃ আরাবল্লী।
প্রঃ বিন্ধ্য পর্বত কিভাবে তৈরী হয়েছে?
উঃ প্রাগৈতিহাসিক কালের আরাবল্লী পর্বতের ভগ্নাবশেষ থেকেই বিন্ধ্যপর্বত তৈরী হয়েছে।
প্রঃ বিন্ধ্য পর্বতের বিস্তৃতি কতটা? এবং উচ্চতা কত?
উঃ প্রায় ১,০৫০ কি.মি. অঞ্চল জুড়ে বিন্ধ্য পর্বত দাঁড়িয়ে আছে। এর উচ্চতা ৩০০ মিটার।
প্রঃ সাতপুরা পর্বতমালা দেখতে কেমন?
উঃ অনেকটা ত্রিভুজের মতো।
প্রঃ সহ্যাদ্রি বা পশ্চিমঘাট পর্বতমালার উচ্চতা কত?
উঃ ১,২০০ মিটার।
প্রঃ ভারতে কয়টি জলতল রয়েছে?
উঃ তিনটি—(১) উত্তরে কারাকোরাম অঞ্চল সহ হিমালয়, (২) মধ্যভারতে বিন্ধ্য ও সাতপুরা, (৩) পশ্চিম উপকূলের সহ্যাদ্রি বা পশ্চিমঘাট পর্বতমালা।

প্রঃ হিমালয় থেকে জন্ম নেওয়া তিনটি নদীর নাম কর?

উঃ সিন্ধু, গঙ্গা ও ব্রহ্মপুত্র।

প্রঃ ভারতের নামকরণ কোথা থেকে হয়েছে?

উঃ আর্যরা যাকে সিন্ধু বলে অভিহিত করেছিলেন, সেই সিন্ধু নদ থেকেই ভারতের নামকরণ হয়।

প্রঃ সিন্ধু নদের পাঁচটি শাখানদী কোনটি?

উঃ বিতস্তা (ঝিলাম) বিপাশা (বিয়াস), শতদ্রু (সাটলে), ইরাবতী (রবি), চন্দ্রভাগা (চেনাব)।

প্রঃ পাঞ্জাব নামের উৎপত্তি?

উঃ বিতস্তা, বিপাশা, শতদ্রু, ইরাবতী ও চন্দ্রভাগা এই পাঁচ নদীর সমাহার থেকে পাঞ্জাব নামের উৎপত্তি।

প্রঃ গঙ্গার উৎপত্তি স্থল কোন্‌টি?

উঃ হিমালয়ের গঙ্গোত্রীতে তুষার নদী থেকে উৎপত্তি।

প্রঃ কোন্ কোন্ নদী ও উপদনী ভারতের সমতল অঞ্চলকে দেশের বৃহত্তম নদী অববাহিকায় পরিণত করেছে?

উঃ গঙ্গা ও তার উপনদী যমুনা, গোমতী, ঘর্ঘরা, সারদা, গণ্ডক, চম্বল, শোন, কোশী প্রভৃতি নদীগুলি।

প্রঃ দাক্ষিণাত্যের প্রধান নদীগুলি কি কি?

উঃ গোদাবরী, কৃষ্ণা, কাবেরী, পেন্নার, সাবরমতি, নেত্রাবতী, প্রেরিয়ার, পাম্বা, মহানদী, নর্মদা ও তাপ্তী।

প্রঃ ভারতীয় সভ্যতার ভিত্তিস্থাপন করেন কারা?

উঃ অস্ট্রিকরা।

প্রঃ অস্ট্রিক জাতির সন্ধান কোথায় পাওয়া যায়?

উঃ পূর্ব ও মধ্য ভারতে।

প্রঃ মঙ্গোলয়েড জাতি গোষ্ঠীর সন্ধান কোথায় পাওয়া যায়?

উঃ উত্তর-পূর্ব সীমান্ত অঞ্চলের অসম, নাগাল্যাণ্ড, মিজোরাম, গারো ও জয়ন্ত্রী পাহাড়ে।

প্রঃ দ্রাবিড়দের মধ্যে কোন্ ধরনের জাতি গোষ্ঠী দেখা যায়?

উঃ প্যালিও মেডিটেরেনিয়ান, মেডেটেরিনিয়ান, ও ওরিয়েন্টাল মেডিটেরেনিয়ান।

প্রঃ ভারতের জাতীয় প্রতীক কোথা থেকে নেওয়া হয়েছে?

উঃ ভারতের জাতীয় প্রতীক সারনাথের সিংহলাঞ্জিত অশোকস্তম্ভ থেকে নেওয়া হয়েছে।

প্রঃ আসল অশোক স্তম্ভটি কোথায় আছে?

উঃ সারনাথ মিউজিয়াম রাখা আছে?

উঃ সারনাথের মূল অশোক স্তম্ভে কি কি আছে?

উঃ চারটি সিংহ পিঠে পিঠ দিয়ে দাঁড়িয়ে আছে। নিচের আধারটিতে হাতি, ছুটন্ত ঘোড়া, ষাঁড় ও সিংহের রিলিফ রয়েছে। প্রত্যেক প্রাণীটিকে একটি চক্র দিয়ে আলাদা করা হয়েছে।

প্রঃ ভারতের জাতীয় সঙ্গীত কি?

উঃ জনগণমন-অধিনায়ক জয় হে... ...।

প্রঃ ভারতের জাতীয় পশু কি?

উঃ বাঘ।

প্রঃ ভারতের জাতীয় ফুল কি?

উঃ পদ্ম।

প্রঃ ভারতের জাতীয় পাখি কি?

উঃ ময়ূর।

প্রঃ ভারতের জাতীয় পতাকায় কি কি রঙ আছে?

উঃ গেরুয়া, সাদা ও সবুজ উপর থেকে নীচে সমান আয়তনে ব্যবহৃত।

প্রঃ কত সালে ভারতের জাতীয় সঙ্গীতটি অনুমোদিত হয়?

উঃ ১৯৫০ সালে ২৪শে জানুয়ারি।

প্রঃ বর্তমানে সংবিধানে কয়টি ধারা ও তফশিল আছে?

উঃ ৪০৭টি ধারা এবং বারোটি তফশিল আছে।

প্রঃ ভারতীয় সংবিধানে ভারতকে কি বলা হয়?

উঃ একটি ধর্মনিরপেক্ষ রাষ্ট্র।

প্রঃ রাষ্ট্রপতি কিভাবে নির্বাচিত হন?

উঃ সংসদ এবং রাজ্যবিধানসভার নির্বাচিত সদস্যদের নিয়ে গঠিত একটি নির্বাচনী সংস্থার মাধ্যমে।

প্রঃ উপ রাষ্ট্রপতি হতে হলে কি কি যোগ্যতা দরকার?

উঃ প্রার্থীকে ভারতীয় নাগরিক ৩৫ বছর বয়স্ক এবং রাজ্যসভার সদস্য নির্বাচিত হবার যোগ্যতাসম্পন্ন হতে হয়।

প্রঃ মন্ত্রীপরিষদ কাদের নিয়ে গঠিত হয়?

উঃ ক্যাবিনেট মন্ত্রী, রাষ্ট্রমন্ত্রী এবং উপমন্ত্রী, এই তিন শ্রেণীর মন্ত্রী নিয়ে গঠিত হয়।

প্রঃ রাজ্যপাল কত বছরের জন্য নিযুক্ত হন?

উঃ পাঁচ বছরের জন্য।

প্রঃ কার অনুমতি ছাড়া কোন অর্থবিল রাজ্য বিধানসভায় উত্থাপন করা যায় না? .

উঃ রাজ্যপালের অনুমতী ছাড়া।

প্রঃ কতজন সদস্য নিয়ে রাজ্য সভা গঠিত হয়?

উঃ ২৫০ জন সদস্য নিয়ে।

প্রঃ আর্যরা কত বছর আগে প্রথম ভারতে আসতে শুরু করে।

প্রঃ মহাভারতের যুদ্ধ কত খ্রীস্টাব্দে হয়?

উঃ মহাভারতের যুদ্ধ ৯০০ খ্রীস্টাব্দে হয়।

প্রঃ উপনিষদের রচনা কাল কত খ্রীস্টাব্দে হয়?

উঃ ৫৫০ খ্রীস্টাব্দে হয়।

প্রঃ কত খ্রীস্টাব্দে আলেকজাণ্ডার ভারত আক্রমণ করেন?
উঃ ৩২৬ খ্রীস্টাব্দে।
প্রঃ আলেকজাণ্ডারের মৃত্যু কত খ্রীস্টাব্দে অনুষ্ঠিত হয়?
উঃ ৩২৩ খ্রীস্টাব্দে আলেকজাণ্ডারের মৃত্যু হয়।
প্রঃ গুরু নানকের জন্ম কত সালে?
উঃ ১৪৬৯ খ্রীস্টাব্দে গুরু নানকের জন্ম হয়।
প্রঃ তাজমহল নির্মাণ কত সালে হয়?
উঃ ১৬৩১ খ্রীঃ শাহজাহান পত্নী মমতাজমহলের মৃত্যু। এই বছরই তাজমহল নির্মাণ হয়।
প্রঃ প্রথম ইঙ্গ-ফারসী যুদ্ধ কত খ্রীস্টাব্দে হয়?
উঃ ১৭৪৮ খ্রীস্টাব্দে প্রথম ইঙ্গ-ফরাসী যুদ্ধ হয়।
প্রঃ গুরু গোবিন্দ সিংহের জন্ম কত খ্রীস্টাব্দে হয়?
উঃ ১৬৬৬ খ্রীস্টাব্দে গুরু গোবিন্দ সিংহের জন্ম হয়।
প্রঃ পারস্য সম্রাট নাদির শাহ্ কত খ্রীস্টাব্দে দিল্লী বিজয় করেন?
উঃ ১৭৩৯ খ্রীস্টাব্দে পারস্য সম্রাট নাদির শাহ্ দিল্লী বিজয় করেন।
প্রঃ পানিপথের তৃতীয় যুদ্ধ কত খ্রীস্টাব্দে হয়?
উঃ ১৭৬১ খ্রীস্টাব্দে পানিপথের তৃতীয় যুদ্ধ হয়।
প্রঃ বক্সারের যুদ্ধ কত খ্রীস্টাব্দে হয়?
উঃ ১৭৬৪ খ্রীস্টাব্দে বক্সারের যুদ্ধ হয়।
প্রঃ ইংলিশ ইস্ট ইণ্ডিয়া কোম্পানির বাংলা বিহার ওড়িষ্যার দেওয়ানি লাভ কত খ্রীস্টাব্দে হয়?
উঃ ১৭৬৫ খ্রীস্টাব্দে।
প্রঃ প্রথম ইঙ্গ-মহীশূর যুদ্ধ কত খ্রীস্টাব্দে হয়?
উঃ ১৭৬৭-৬৯ খ্রীস্টাব্দে।
প্রঃ বাংলা চিরস্থায়ী বন্দোবস্ত কত খ্রীস্টাব্দে হয়?
উঃ ১৭৯৩ খ্রীস্টাব্দে।
প্রঃ ভারতীয় জাতীয় কংগ্রেসের জন্ম কত খ্রীস্টাব্দে?
উঃ ১৮৮৫ খ্রীস্টাব্দে।
প্রঃ বঙ্গভঙ্গ আন্দোলন কত সালে হয়?
উঃ ১৯০৫ সালে।
প্রঃ মুসলিম লিগ প্রতিষ্ঠা কত সালে হয়?
উঃ ১৯০৬ খ্রীস্টাব্দে।
প্রঃ প্রথম বিশ্বযুদ্ধ শুরু হয় কত সালে?
উঃ ১৯১৪ সালে।
প্রঃ আইন অমান্য আন্দোলন কত খ্রীস্টাব্দে হয়?
উঃ ১৯২২ সালে আইন অমান্য আন্দোলন হয়।

প্রঃ স্বরাজ্য দল প্রতিষ্ঠা কত সালে হয়?
উঃ চিত্তরঞ্জন দাশ ও মতিলাল নেহেরুর উদ্যোগে ১৯২৩ স্বরাজ্য দল প্রতিষ্ঠা হয়।
প্রঃ চিত্তরঞ্জন দাশের মৃত্যু হয় কত সালে?
উঃ ১৯২৫।
প্রঃ গান্ধী-আরউইন চুক্তি কত সালে হয়?
উঃ ১৯৩১ সালে।
প্রঃ দ্বিতীয় বিশ্বযুদ্ধ শুরু হয় কত সালে?
উঃ ১৯৩৯ সালে।
প্রঃ কত খ্রীস্টাব্দে মহাত্মা গান্ধী আততায়ীর হাতে প্রাণ দেন?
উঃ ১৯৪৮ সালে ৩০শে জানুয়ারি।
প্রঃ কবে ভারতের গণ পরিষদে ভারতের সংবিধান অনুমোদিত হয়?
উঃ ১৯৪৯ সালে ২৬শে নভেম্বর।
প্রঃ ভারতের প্রথম সাধারণ নির্বাচন কত সালে হয়?
উঃ ১৯৫১ সালে।
প্রঃ ভারত ও চীনের মধ্যে পঞ্চশীল চুক্তি কত সালে হয়?
উঃ ১৯৫৪ সালে।
প্রঃ দ্বিতীয় সাধারণ নির্বাচন কত সালে হয়?
উঃ ১৯৫৭ সালে।
প্রঃ তৃতীয় সাধারণ নির্বাচন কত সালে অনুষ্ঠিত হয়?
উঃ ১৯৬২ খ্রীস্টাব্দে।
প্রঃ জওহরলাল নেহেরুর মৃত্যু কত সালে হয়? এই বছর কে প্রধানমন্ত্রী হন?
উঃ ১৯৬৪ খ্রীস্টাব্দে ২৭শে মে। লালবাহাদুর শাস্ত্রী প্রধানমন্ত্রী হলেন।
প্রঃ চতুর্থ সাধারণ নির্বাচন কত সালে হয়? এই বছর কে প্রধান মন্ত্রী হয়?
উঃ ১৯৬৭ সালে। ইন্দিরা গান্ধী প্রধানমন্ত্রী নির্বাচিত হন।
প্রঃ কত সালে সারাভারত হোমরুল লিগ-এর সভাপতি নির্বাচিত হয়?
উঃ ১৯২০ সালে এপ্রিল।
প্রঃ গান্ধী-আরউইন চুক্তি কত সালে হয়?
উঃ ১৯৩১ সালে মার্চ মাসে।
প্রঃ 'ইয়ং ইণ্ডিয়া'র বদলে 'হরিজন' সাপ্তাহিকের প্রকাশ কত সালে শুরু হয়?
উঃ ১৯৩৩ সালে।
প্রঃ ভারতের তৃতীয় এয়ারলাইন্স 'বায়ুদূত'-এর উদ্বোধন কত সালে হয়?
উঃ ১৯৮১ সালে ২৬শে জানুয়ারি।

প্রঃ কত সালে ভোপালে কার্বাইডের একটি কারখানা থেকে নির্গত বিষগ্যাসে কত লোকের মত্যু ও কতজন মারাত্মক অসুস্থ হয়?

উঃ বিষগ্যাসে ২,৫০০ লোকের মৃত্যু এবং ২,০০০ জন মারাত্মক অসুস্থ।

প্রঃ কুখ্যাত অপরাধী চার্লস লোভরাজ ও আরও ৬ বন্দী করে কোন্ জেল থেকে পালায়?

উঃ ১৯৮৬ সালের ৮ই মার্চ। তিহার জেল থেকে।

প্রঃ এল কে আডবাণী কত সালে বিজেপি-র সভাপতি নির্বাচিত হন?

উঃ ১৯৮৬ সালে ৮ই মার্চ।

প্রঃ বিতর্কিত মহিলা বিল কত সালে লোকসভায় পাশ হয়?

উঃ ১৯৮৬ সালে ৫ই মে।

প্রঃ এইড্স রোগে প্রথম মৃত্যুর খবর কবে পাওয়া যায়?

উঃ ১৯৮৬ সালের ৯ই জুন।

প্রঃ জগজীবন রামের জীবনাবসান কবে হয়?

উঃ ১৯৮৬ সালে ৬ জুলাই।

প্রঃ মেডিক্যাল আসনগুলির জন্য সর্বভারতীয় পরীক্ষার আদেশ দেন কে?

উঃ সুপ্রীম কোর্ট।

প্রঃ কোন এশিয়াডে পি টি উষা প্রথম স্বর্ণপদক লাভ করে?

উঃ সিওল এশিয়াডে। ১৯৮৬ সালে।

প্রঃ সুনীল গাভাসকার কত সালে কোথায় তাঁর দশ হাজার রান পূর্ণ করেন?

উঃ ১৯৮৭ সালে ৭ই মার্চ আমেদাবাদে।

প্রঃ কোন মামলায় সুপ্রীম কোর্ট রায় দেন যে, মুসলিম মহিলা সহ যেসব স্ত্রীর স্বামীরা আবার বিবাহ করেছেন অথবা কাউকে 'মিসট্রেস' হিসাবে গ্রহণ করেছেন তারা খোরপোষ পাওয়ার যোগ্য?

উঃ কেরালার শাহ বানু মামলায়।

প্রঃ পাঞ্জাবে রাষ্ট্রপতি শাসন জারি কত সালে হয়?

উঃ ১৯৮৭ সালে ১১ই মে।

প্রঃ কি কারণে রাজীব গান্ধী, ভি সি শুক্ল, আরিফ মহম্মদ খান ও অরুণ নেহেরুকে কংগ্রেস থেকে বহিষ্কার করেন?

উঃ দল বিরোধী কার্যকলাপের জন্য।

প্রঃ বিশ্বনাথন আনন্দ কবে এশিয়দের মধ্যে প্রথম বিশ্বজুনিয়ার দাবা চ্যাম্পিয়ানশিপে বিজয়ী হন?

উঃ ১৯৮৬ সালে ২রা আগস্ট।

প্রঃ ১৯৮৭ সালে ৪ঠা সেপ্টেম্বর রাজস্থানে স্বামীর চিতায় জীবন্ত 'সতী' হন কে?

উঃ রাজস্থানের অষ্টাদশী রূপ কানওয়ার।

প্রঃ ভারতের প্রথম দূর-সঞ্চারী উপগ্রহ উৎক্ষেপণটির নাম কি?
উঃ আই আর এস-১এ উৎক্ষেপণ।
প্রঃ জাতীয় ব্যাডমিন্টন চ্যাম্পিয়ান সৈয়দ মোদি কত সালে গুলিবিদ্ধ হন?
উঃ ১৯৮৬ সালে ২৮শে জুলাই।
প্রঃ সত্যজিৎ রায়কে কত সালে কে, কোথায় লিজিয়ন ডি অনার প্রদান করেন?
উঃ ১৯৮৬ সালে ২রা ফেব্রুয়ারী কলকাতায়, ফরাসি রাষ্ট্রপতি মিতেঁর।
প্রঃ অযোধ্যায় রাম জন্মভূমি মন্দিরের শিলান্যাস কত সালে হয়?
উঃ ১৯৮৯ সালে ১০ই নভেম্বর।
প্রঃ হাউস অব লর্ডসে কোন এশীয় ভারতীয় মহিলা মনোনীত হন?
উঃ শ্রীমতী শীলা ফ্লাদার।
প্রঃ বিজয়লক্ষ্মী পণ্ডিতের জীবনাবসান কত সালে হয়?
উঃ ১৯৯০ সালে ১লা ডিসেম্বর।
প্রঃ কত সালে কোথায় রাজীব গান্ধী নিহত হন?
উঃ ১৯৯১ সালে ২১শে মার্চ শ্রীপেরুমপুদুরে বোমা বিস্ফোরণে।
প্রঃ জনগণনার ১৯৯১ সালের রিপোর্ট অনুযায়ী ভারতের লোকসংখ্যা কত?
উঃ ৮৪ কোটি ৪০ লক্ষ।
প্রঃ হরিয়ানায় রাষ্ট্রপতি শাসন জারী করেন কত সালে?
উঃ ১৯৯১ সালে ৬ই এপ্রিল।
প্রঃ কোন রাজ্যকে সম্পূর্ণ সাক্ষর রাজ্য বলা হয়?
উঃ কেরালাকে।
প্রঃ রাজীব হত্যা মামলায় তদন্তের জন্য সুপ্রীম কোর্টের কোন বিচারপতিকে দায়িত্ব দেন?
উঃ বিচারপতি জে এস্ বর্মাকে দায়িত্বভার দেওয়া হয়।
প্রঃ কাবেরী জলবণ্টন বিষয় নিয়ে কোন দুই রাজ্যে বন্ধ পালন করে?
উঃ তামিলনাড়ু ও কর্ণাটক।
প্রঃ ভূমি থেকে আকাশে নিক্ষেপের ক্ষেপণাস্ত্র 'পৃথ্বী-৩' কোথায় পরীক্ষা চালান হয়?
উঃ শ্রীহরিকোঠায়।
প্রঃ কোথায় ইণ্ডিয়ান এয়ারলাইন্সের একটি বোয়িং ৭৩৭ বিমান ভেঙে পড়ে?
উঃ মণিপুরের চূড়াচাঁদপুরে।
প্রঃ উত্তর প্রদেশের বিজেপি সরকার কত সালে অযোধ্যার বিতর্কিত জমি অধিগ্রহণ করে?
উঃ ১৯৯১ সালে ১১ই অক্টোবর।
প্রঃ টেস্ট ক্রিকেটে ৪০০তম উইকেট সংগ্রহকারী কে?
উঃ কপিলদেব।
প্রঃ বিদেশী পর্যটকদের জন্য আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ খুলে দেওয়া হয় কত সালে?
উঃ ১৯৯২ সালের ১০ই ফেব্রুয়ারী।

প্রঃ নেতাজী সুভাষচন্দ্র বসুর কন্যা অনিতা বি বসু কোন খেতাব নিতে অস্বীকার করে?

উঃ নেতাজী সুভাষচন্দ্র বসুকে প্রদত্ত 'ভারতরত্ন' খেতাব নিতে অস্বীকার করেন।

প্রঃ চিত্রনাট্যকার ডাঃ রাহি মাসুম রেজার-এর জীবনাবসান কত সালে হয়?

উঃ ১৯৯২ সালে ১৫ই মার্চ।

প্রঃ সত্যজিৎ রায়কে 'অস্কার' প্রদান করা হয় কত সালে?

উঃ ১৯৯২ সালে ১৬ই মার্চ।

প্রঃ সত্যজিৎ রায়কে 'ভারতরত্ন' প্রদান করা হয় কত সালে?

উঃ ১৯৯২ সালের ২০শে মার্চ।

প্রঃ ইউক্রেনের সঙ্গে ভারতের মৈত্রী চুক্তি স্বাক্ষর হয় কত সালে?

উঃ ১৯৯২ সালের ২৭শে মার্চ।

প্রঃ ভারত বাংলাদেশ চুক্তি মতো বাংলাদেশকে তিন বিঘা করিডর লিজ দেওয়া হয় কত সালে?

উঃ ১৯৯২ সালের ২৬শে জুন।

প্রঃ ডাঃ সি রঙ্গরাজন রিজার্ভ ব্যাঙ্কের গভর্ণর নিযুক্ত হন কত সালে?

উঃ ১৯৯২ সালের ২রা ডিসেম্বর।

প্রঃ ত্রিপুরার আয়তন কত?

উঃ ১০,৪৯১.৬৯ বর্গ কি.মি.।

প্রঃ ত্রিপুরার ভাষা কি?

উঃ বাংলা, ককবরক ও মণিপুরি।

প্রঃ ভারতের দ্বিতীয় ক্ষুদ্রতম রাজ্য কোনটি?

উঃ ত্রিপুরা।

প্রঃ কত সালে ত্রিপুরা 'রাজ্যের' মর্যাদা পায়?

উঃ ১৯৭২ সালের ২১শে জানুয়ারী।

প্রঃ ১৯৯১ সালের জনগণনায় ত্রিপুরায় শিক্ষিতের হার কত ছিল?

উঃ ৬০.৪৪ শতাংশ।

প্রঃ ত্রিপুরার প্রধান শিল্প কি?

উঃ চা ত্রিপুরার প্রধান শিল্প।

প্রঃ নাগাল্যাণ্ডের আয়তন কত?

উঃ ১৬,৫৭৯ বর্গ কি.মি.।

প্রঃ নাগাল্যাণ্ডের রাজধানী নাম কি?

উঃ কোহিমা।

প্রঃ নাগাল্যাণ্ডের ভাষা কি?

উঃ ইংরেজি, আও, কোনিয়াক, অঙ্গামি, সীমা, লোথা।

প্রঃ নাগাল্যাণ্ডের জনসংখ্যা কত?

উঃ ১২,১৫,৫৭৩ জন।

প্রঃ নাগাল্যাণ্ডের প্রধান নদীগুলি কি কি?

উঃ ধানসিড়ি, দেয়াং, দিসু ও ঝানজি।

প্রঃ নাগাল্যাণ্ডের রাজ্যটির বিধানসভা কয় কক্ষের?

উঃ এক কক্ষের।

প্রঃ নাগাল্যাণ্ডের প্রধান খাদ্যশস্য কি?

উঃ চাল প্রধান খাদ্য শস্য।

প্রঃ ১৯৯১ সালের জনগণনায় চূড়ান্ত জনসংখ্যা কত?

উঃ ২,০২,৮১,৯৬৯ জন।

প্রঃ 'পাঞ্জাবে'র রাজধানীর নাম কি?

উঃ চণ্ডীগড় পঞ্জাবের রাজধানী।

প্রঃ পাঞ্জাবের নদী ও উপনদী গুলির নাম কি?

উঃ সিন্ধু, রবি, বিয়াস, শতদ্রু এবং ঘর্ঘরা নদী ও উপনদী সেবিত অঞ্চল।

প্রঃ পাঞ্জাব শব্দটির অর্থ কি?

উঃ পাঞ্জাব শব্দটি সৃষ্টি দুটি পার্সি শব্দ থেকে পঞ্জ ও আব। 'পঞ্জ' মানে পাঁচ আর 'আব' মানে জল।

প্রঃ ভারতের কোথায় পাঞ্জাব অবস্থিত?

উঃ ভারতে উত্তর-পশ্চিম প্রান্তে পাঞ্জাব অবস্থিত।

প্রঃ শিখ ধর্ম কত শতাব্দীতে বিকশিত হয়?

উঃ পঞ্চদশ ও ষোড়শ শতাব্দীতে শিখ ধর্ম বিকশিত হয়।

প্রঃ পাঞ্জাবের আইন সভা কয় কক্ষের?

উঃ আইন সভা এক কক্ষের।

প্রঃ পাঞ্জাবে কয়টি হাইকোর্ট আছে?

উঃ দুইটি—পাঞ্জাব ও হরিয়ানা হাইকোর্ট।

